ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 2107C.S.

GENERAL.—*The 25th August* 1876.—Mr. L. B. B. King, Officiating District and Sessions Judge of Rungpore, is allowed leave for one month and nineteen days, from the 5th October next, under Section 21, Chapter VI of the Civil Leave Code.

The 4th September 1876.—Baboo Mohesh Chunder Sen, Deputy Magistrate and Deputy Collector of Bogra, is appointed to have charge of the Aurungabad division of the Gya district.

Baboo Brojo Mohun Roy, Deputy Collector, employed on special duty of taking up lands for the Northern Bengal (State) Railway, is appointed to be a Deputy Magistrate and Deputy Collector in Bogra.

The 5th September 1876.—Mr. G. Stevenson, Officiating Joint-Magistrate and Deputy Collector in charge of the Bhuddruck division of the Balasore district, is appointed to act until further orders in the First Grade of Joint-Magistrates and Deputy Collectors, *vice* Mr. D. W. M. Testro.

Mr. J. Nugent, Officiating Joint-Magistrate and Deputy Collector, in charge of the Bettiah division of the Chumparun district, is appointed to act until further orders in the First Grade of Joint-Magistrates and Deputy Collectors, *vice* Mr. C. C. Quinn.

Mr. C. M. W. Brett, Assistant Magistrate and Collector, in charge of the Serajgunge division of the Pubna district, is appointed to act until further orders in the Second Grade of Joint-Magistrates and Deputy Collectors, *vice* Mr. J. Nugent.

Mr. F. H. Harding, Assistant Magistrate and Collector, in charge of the Jungypore division of the Moorshedabad district, is appointed to act until further orders in the Second Grade of Joint-Magistrates and Deputy Collectors, *vice* Mr. G. Stevenson.

Mr. S. S. Jones, Officiating Joint-Magistrate and Deputy Collector, Durbhunga, is allowed leave for one month, with effect from the 8th December 1876, under Rule 1, Chapter VII of the Civil Leave Code, to enable him to appear at the High Proficiency Examination in Hindi to be held in Calcutta in January 1877.

The 6th September 1876.—The Right Hon'ble the Secretary of State for India has been pleased to grant extension of leave for one month to Mr. G. M. Goodricke, Assistant Collector of Customs, Calcutta.

The Right Hon'ble the Secretary of State for India has been pleased to grant extension of furlough for four months to Mr. J. S. Drummond, Magistrate and Collector of Sarun.

The 8th September 1876.—Baboo Rojoni Nath Chatterjee, Deputy Magistrate and Deputy Collector, Purneah, is allowed leave for three months, under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the 10th instant, or any subsequent date on which he may avail himself of it.

The 9th September 1876.—Mr. George Stevenson, Officiating Joint-Magistrate and Deputy Collector, in charge of the Bhuddruck division of the Balasore district, is allowed leave for twenty-two days from the 22nd instant, to enable him to appear in the high proficiency examination in Bengali to be held in Calcutta in October next.

Mr. J. O'Kinealy, Officiating Additional Judge and Additional Sessions Judge in the 24-Pergunnahs and Hooghly, is confirmed in that appointment.

Mr. J. C. Williamson, Deputy Magistrate and Deputy Collector, Jessore, is allowed leave of absence for one month and a half, under Section 3, Supplement F of the Civil Leave Code, in extension of the leave granted to him under orders of the 3rd August 1876.

The 12th September 1876.—Mr. C. P. L. Macaulay, C.S., on being temporarily relieved of his special work in the Bengal Secretariat, is appointed to act in the First Grade of Joint-Magistrates and Deputy Collectors, with effect from the 15th instant, and is posted to the 24-Pergunnahs.

[*Government Gazette*, 19*th September* 1876.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

২১০৭C.S. নম্বর।

সাধারণ।—১৮৭৬ সাল ২৫ আগস্ট।—রঙ্গপুরের একটিং ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত এল, বি, বি, কিং সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে আগামি অক্টোবর মাসের ৫ তারিখ অবধি এক মাস উনিশ দিন ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ৪ সেপ্টেম্বর।—বগুড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু মহেশচন্দ্র সেন, গয়া জিলার অন্তর্গত আরঙ্গাবাদ মহকুমার কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইলেন।

বঙ্গদেশের উত্তরদিগের ষ্টেট রেলওয়ের নিমিত্তে ভূমি গ্রহণার্থ বিশেষ কার্য্যে নিযুক্ত ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ব্রজমোহন রায় বগুড়ায় ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ৫ সেপ্টেম্বর।—শ্রীযুত ডি, ডবলিউ, এম, টেট্রো সাহেবের পরিবর্ত্তে বালেশ্বর জিলার অন্তর্গত ভদ্রক মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার প্রাপ্ত একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি, ষ্টীবন্সন সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

শ্রীযুত সি, সি, কুইন্ সাহেবের পরিবর্ত্তে চাম্পারণ জিলার অন্তর্গত বেতিয়া মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, নুজেণ্ট সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরদের প্রথম শ্রেণীমতে কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

শ্রীযুত জে, নুজেণ্ট সাহেবের পরিবর্ত্তে পাবনা জিলার অন্তর্গত শেরাজগঞ্জ মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত সি, এম, ডবলিউ, ব্রেট সাহেব অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

শ্রীযুত জি, ষ্টীবন্সন সাহেবের পরিবর্ত্তে মুরশিদাবাদ জিলার অন্তর্গত জঙ্গীপুর মহকুমার কর্ম্মের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এফ, এচ, হার্ডিং সাহেব, অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৭ সালের জানুয়ারি মাসে কলিকাতায় হিন্দী ভাষায় বিশেষ বিজ্ঞতার যে পরীক্ষা হইবে তাহাতে উপস্থিত হইতে পারিবার নিমিত্তে দ্বারভঙ্গার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এস, এস, জোন্স সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৭ অধ্যায়ের ১ ধারামতে ১৮৭৬ সালের ডিসেম্বর মাসের ৮ তারিখঅবধি এক মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ৬ সেপ্টেম্বর।—ভারতবর্ষের পক্ষে মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব, কলিকাতার কষ্টমের আসিষ্টাণ্ট কালেক্টর শ্রীযুত জি, এম, গুড্রিক সাহেবকে আর এক মাস ছুটী দিয়াছেন।

ভারতবর্ষের পক্ষে মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব সারণের মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে, এস, ড্রমণ্ড সাহেবকে আর চারি মাস নিয়মিত ছুটী দিয়াছেন।

১৮৭৬ সাল ৮ সেপ্টেম্বর।—পূরণিয়ার ডেপুটী মাজিষ্ট্রেটও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রজনীনাথ চট্টোপাধ্যায়, এই মাসের ১০ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ৯ সেপ্টেম্বর।—আগামি অক্টোবর মাসে কলিকাতায় বঙ্গভাষায় বিশেষ বিজ্ঞতার যে পরীক্ষা হইবে তাহাতে উপস্থিত হইতে পারিবার নিমিত্তে বালেশ্বর জিলার অন্তর্গত ভদ্রক মহকুমার কর্ম্মের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত জর্জ ষ্টীবন্সন সাহেব এই মাসের ২২ তারিখ অবধি বাইশ দিন ছুটী পাইয়াছেন।

২৪ পরগনার ও হুগলীর একটিং আডিশ্যনল জজ, ও আডিশ্যনল সেশন জজ শ্রীযুত জে, ওকিনীলী সাহেব সেই পদে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত জে, সি, উলিয়মসন সাহেব ১৮৭৬ সালের আগষ্ট মাসের ৩ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে দেড় মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ১২ সেপ্টেম্বর।—শ্রীযুত সি, পি, এল, মাকলে সাহেব, সি, এস, বাঙ্গাল সেক্রেটেরিয়টের বিশেষ কার্য্য হইতে কিয়ৎকালের নিমিত্তে মুক্ত হইয়া এই মাসের ১২ তারিখ অবধি জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটরদের প্রথম শ্রেণীমতে কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলেন। তিনি ২৪ পরগনায় অবস্থিত হইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ১৯ সেপ্টেম্বর।]

Baboo Ram Churn Lall, Sub-Deputy Collector, Bettiah, is promoted to the First Grade of Sub-Deputy Collectors, *vice* Moulvi Attur Hossein, deceased.

Moulvi Mohamudul Nabi, Sub-Deputy Collector, on special duty, is promoted to the First Grade of Sub-Deputy Collectors, *vice* Baboo Dwarka Pershad, dismissed.

Moulvi Nusseerooddeen, Acting Sub-Deputy Collector, Buxar, is confirmed in the Second Grade of Sub-Deputy Collectors, *vice* Baboo Ram Churn Lall, promoted to the First Grade.

Baboo Judoonath Sirkar is appointed to be a Sub-Deputy Collector of the Second Grade, *vice* Moulvi Attur Hossein, deceased, and is posted to Nowada.

Moulvi Abdoor Rezzack, Second Grade Sub-Deputy, Behar, is appointed temporarily to be a Sub-Deputy Collector of the First Grade during the absence, on special duty, of Baboo Gunganath Roy, or until further orders.

POLICE.—*The 5th September* 1876.—Mr. L. E. Fabre Tonnerre, Officiating Assistant Superintendent of Police, Shahabad, is appointed to be an Assistant Superintendent of Police of the Third Grade, and is transferred to the Chittagong Hill Tracts. Mr. Fabre Tonnerre is also appointed to act until further orders in the Second Grade of Assistant Superintendents of Police.

The 7th September 1876.—Mr. G. A. Patten is appointed to act, until further orders, as an Assistant Superintendent of Police.

The 12th September 1876.—Mr. J. H. Warender Clark, Assistant Superintendent of Police, on leave, is posted to Cuttack.

EDUCATION.—*The 24th July* 1876.—Mr. S. F. Downing, Professor, Presidency College, is allowed furlough for twelve months, under Section 10 (a) of the Civil Leave Code, together with one day's subsidiary leave.

The 8th September 1876.—The following gentlemen are appointed to be members of the District School Committee of Chittagong, viz.—

Moulvi Zulfiquer Ali, Superintendent of the Madrassa, *vice* McMarshall, deceased.

Baboo Doorga Das Das, Pleader, Judge's Court, *vice* Mr. P. N. Banerjee, who has left the station.

The 9th September 1876.—The following gentlemen are appointed to be members of the District School Committee of the Sonthal Pergunnahs, viz.—

Commissioner, Bhagulpore ... ...
Deputy Commissioner, Sonthal Pergunnahs ... } *ex officio.*
Inspector of Schools, Behar Circle ... ...

Maharajah Gopal Chunder Sing, Bahadoor.

Baboo Gopi Lall Panre.

„ Indra Narayn Roy.

„ Kena Ram Ghose.

„ Gya Ram Ghatayal.

Rev. F. T. Cole.

Dr. Z. A. Ahmed, Civil Surgeon.

Baboo Chundra Narayan Gupta.

Rev. H. Davis.

Mr. H. B. Munro, Officiating District Superintendent of Police.

Baboo Dwarka Nath Roy.

„ Giri Dhari Bosu, Deputy Inspector of Schools.

Mr. J. R. Hand, Deputy Magistrate, Pakour.

Baboo Issuri Nanda Datta Jha.

Mr. F. T. Reed.

„ W. M. Smith.

[*Government Gazette, 19th September* 1876.]

মৌলবী আতর হুসেনের মৃত্যু হওয়াতে তৎপরিবর্ত্তে বেতিয়ার সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রামচরণ লাল, সব-ডেপুটী কালেক্টরদের প্রথম শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত দ্বারকাপ্রসাদ বাবু কর্ম্মচ্যুত হওয়াতে তৎপরিবর্ত্তে বিশেষ কার্য্যে নিযুক্ত সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদউল নবি সব-ডেপুটী কালেক্টরদের প্রথম শ্রেণীভুক্ত হইলেন।

শ্রীযুত বাবু রামচরণ লাল প্রথম শ্রেণীভুক্ত হওয়াতে তৎপরিবর্ত্তে বক্সারের একটিং সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী নসীরুদ্দীন সব-ডেপুটী কালেক্টরদের দ্বিতীয় শ্রেণীতে স্থায়িরূপে নিযুক্ত হইলেন।

মৌলবী আতর হুসেনের মৃত্যু হওয়াতে তৎপরিবর্ত্তে শ্রীযুত বাবু যদুনাথ সরকার দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইয়া নবদহে অবস্থিত হইলেন।

বিশেষ কার্য্যোপলক্ষে শ্রীযুত বাবু গঙ্গানাথ রায়ের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত বিহারের দ্বিতীয় শ্রেণীর সব-ডেপুটী শ্রীযুত মৌলবী আবদুর রেজাক কিয়ৎকালের নিমিত্তে প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেকটরের পদে নিযুক্ত হইলেন।

পোলীস সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ৫ সেপ্টেম্বর।—শাহাবাদের পোলীসের একটিং আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এল, ই, ফেবর টনের সাহেব পোলীসের তৃতীয় শ্রেণীর আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্টের পদে নিযুক্ত হইয়া চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশে প্রেরিত হইলেন। অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত তিনি পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্টদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ৭ সেপ্টেম্বর।—শ্রীযুত জি, এ, পাটেন সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১২ সেপ্টেম্বর।—পোলীসের আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জে, এচ, ওয়ারেণ্ডর ক্লার্ক সাহেব, কটকে অবস্থিত হইলেন। ইনি ছুটী লইয়াছেন।

শিক্ষাসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ২৪ জুলাই।—প্রেসিডেন্সী কালেজের অধ্যাপক শ্রীযুত এস, এফ, ডোনিং সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১০ (A) ধারামতে বার মাস নিয়মিত ছুটী পাইয়াছেন, তদ্ভিন্ন এক দিন উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ৮ সেপ্টেম্বর।—নিম্নলিখিত মহাশয়েরা চট্টগ্রাম জিলার স্কুল কমিটীতে নিযুক্ত হইলেন।

মাকমার্শল সাহেবের মৃত্যু হওয়াতে তৎপরিবর্ত্তে মদরসার সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত মৌলবী জলফকীর আলী।

শ্রীযুত পি, এন, বন্দোপাধ্যায় সেই স্থানহইতে গমনকরায় তৎপরিবর্ত্তে জজ আদালতের উকীল শ্রীযুত বাবু দুর্গাদাস দাস।

১৮৭৬ সাল ৯ সেপ্টেম্বর।—নিম্নলিখিত মহাশয়েরা সাঁওতাল পরগনা জিলার স্কুল কমিটীতে নিযুক্ত হইলেন।

ভাগলপুরের কমিশ্যনর সাহেব ... ...
সাঁওতাল পরগনার ডেপুটী কমিশ্যনর সাহেব ... } স্ব২ পদোপলক্ষে।
বিহার চক্রের স্কুল সমূহের ইনস্পেকটর ... ...

মহারাজা শ্রীযুত গোপালচন্দ্র সিংহ বাহাদুর।
শ্রীযুত বাবু গোপীলাল পাঁড়ে।
,, ,, ইন্দ্রনারায়ণ রায়।
,, ,, কেনারাম ঘোষ।
,, ,, গয়ারাম ঘাটিয়াল।
পাদরী শ্রীযুত এফ, টি, কোল সাহেব।
সিবিল চিকিৎসক সর্জ্জন ডাক্তর শ্রীযুত জেড্, এ, আহম্মদ।
শ্রীযুত বাবু চন্দ্রনারায়ণ গুপ্ত।
পাদরী শ্রীযুত এচ, ডেবিস সাহেব।
পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ, বি, মনুরো সাহেব।
শ্রীযুত বাবু দ্বারকানাথ রায়।
স্কুলের ডেপুটী ইন্‌স্পেক্টর শ্রীযুত বাবু গিরিধারী বসু।
পাকুড়ের ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত জে, আর, হ্যাণ্ড সাহেব।
শ্রীযুত বাবু ঈশ্বরীনন্দ দত্ত ঝা।
শ্রীযুত এফ, টি, রীড সাহেব।
,, ডবলিউ, এম, স্মিথ সাহেব।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ১৯ সেপ্টেম্বর।]

Rev. A. Stark.

Mr. C. W. Wilmot, Sub-Divisional Officer, Deoghur.

„ C. W. Bolton, Assistant Commissioner, Doomka.

„ C. F. Manson, Sub-Divisional Officer, Rajmehal.

Rev. L. Skripsurd.

Mr. F. Grant, Sub-Divisional Officer, Godda.

„ C. W. Bolton to be also Secretary to the Committee.

The 11*th September* 1876.—Baboo Banamali Mitter, Head Master of the Ooterparah Government School, is allowed leave of absence for one month, under Section 3, Supplement F of the Civil Leave Code, with effect from the 14th ultimo.

Baboo Umbika Charan Bose, Deputy Inspector of Schools, Hooghly, is appointed to act as Head Master of the Ooterparah Government School, during the absence, on leave, of Baboo Banamali Mitter, or until further orders.

The 12*th September* 1876.—Baboo Bhuan Lall, Deputy Inspector of Schools, Shahabad, is allowed leave of absence for six months, under Section 9, Supplement F of the Civil Leave Code, with effect from 7th ultimo.

Baboo Ram Prakash Lal, Officiating Deputy Inspector of Schools, Patna, is appointed to act as Deputy Inspector of Schools, Shahabad, during the absence, on leave, of Baboo Bhuan Lall, or until further orders, with effect from the date of his being relieved of his present duties.

OPIUM.—*The* 6*th September* 1876.—Mr. F. Rowcraft is appointed to act as an Assistant Sub-Deputy Opium Agent in the Benares Agency, with effect from the 1st ultimo, during the absence, on leave, of Mr. J. C. Shaw, or until further orders.

The 11*th September* 1876.—Mr. G. Nicholson is appointed to act as an Assistant Sub-Deputy Opium Agent, Benares, during the absence, on leave, of Mr. G. J. Paterson, or until further orders, with effect from the 16th ultimo.

MEDICAL.—*The* 1*st September* 1876.—The following gentlemen are appointed to be members of the Committee for the management of the Charitable Dispensary at Bogra, viz.—

Moulvi Syed Obedullah, Deputy Magistrate, *vice* Baboo Madub Chunder Moitra, Deputy Magistrate, transferred.

Mr. H. Dawson, Officiating District Superintendent of Police, *vice* Major W. W. Hume, District Superintendent of Police, transferred.

Baboo Grish Chunder Sen, Pleader, *vice* Baboo Okhoy Coomar Chatterjee, Deputy Magistrate, transferred.

The 9*th September* 1876.—The following gentlemen are appointed to be additional members of the Committee for the management of the Charitable Dispensary at Ruthgora Bazar in Mysadul, in the district of Midnapore, viz.—

The Sub-divisional Officer for the time being *ex officio*.

Baboo Mothora Nath Dass.

„ Juddo Nath Roy, Head Master, Mysadul Anglo-Vernacular School.

The 11*th September* 1876.—The following gentlemen are appointed to be members of the Committee for the management of the Charitable Dispensary at Golegram, in the district of Midnapore:—

Baboo Punchanun Chatterjee ... ... } Naibs in the zemindary of Rajah
„ Issur Chunder Ghose Karkua ... } Jotendro Mohun Tagore.

MARINE.—*The* 31*st August* 1876.—The Conservator of Orissa Ports is appointed to be the officer at False Point Port to carry out the provisions of Sections 3, 4, 5, 6, and 8 of Act XIII of 1876 (an Act to amend the law relating to merchant seamen). The Conservator of Orissa Ports and the Collector of Sea Customs, Balasore, are also appointed to carry out the provisions of Sections 3, 4, 5, and 8 of the above Act in the Balasore Ports. The

পাদরী শ্রীযুত এ, ষ্টার্ক সাহেব।

দেবগড় মহকুমার কার্য্যাধ্যক্ষ শ্রীযুত সি, ডবলিউ, উইলমট সাহেব।

দুমকার আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত সি, ডবলিউ, বোল্টন্ সাহেব।

রাজমহল মহকুমার কর্ত্তৃপক্ষ শ্রীযুত সি, এফ, ম্যান্সন সাহেব।

পাদরী শ্রীযুত এল, স্কুপসর্ড সাহেব।

গদ্দা মহকুমার কর্ত্তৃপক্ষ শ্রীযুত এফ, গ্রাণ্ট সাহেব।

শ্রীযুত সি, ডবলিউ, বোল্টন্ সাহেব উক্ত কমিটীর সেক্রেটরীও হইবেন।

১৮৭৬ সাল ১১ সেপ্টেম্বর।—উত্তরপাড়ার গবর্ণমেণ্ট স্কুলের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু বনমালী মিত্র, সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে গত মাসের ১৪ তারিখ অবধি এক মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত বাবু বনমালী মিত্রের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত হুগলীর স্কুল সমূহের ডেপুটী ইনস্পেকটর শ্রীযুত বাবু অম্বিকাচরণ বসু উত্তরপাড়ার গবর্ণমেণ্ট স্কুলের প্রধান শিক্ষকের কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১২ সেপ্টেম্বর।—শাহাবাদের স্কুল সমূহের ডেপুটী ইনস্পেক্টর শ্রীযুত ভুঞালাল বাবু সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে গত মাসের ৭ তারিখ অবধি ছয় মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত ভুঞালাল বাবুর ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত পাটনার স্কুল সমূহের একটিং ডেপুটী ইনস্পেক্টর শ্রীযুত বাবু রামপ্রকাশ লাল স্বীয় বর্ত্তমান কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করণের তারিখ অবধি শাহাবাদের স্কুল সমূহের ডেপুটী ইনস্পেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

আফীন সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ৬ সেপ্টেম্বর।—শ্রীযুত জে, সি, শা সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত এফ, রোক্রাফট সাহেব গত মাসের ১ তারিখ অবধি বাণারসস্থ আফীনের এজেণ্টীর আসিষ্টাণ্ট সব-ডেপুটী এজেণ্টের কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১১ সেপ্টেম্বর।—শ্রীযুত জি, জে, পেটরসন সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য অজ্ঞা না হওন পর্য্যন্ত শ্রীযুত জি, নিকলসন সাহেব গত মাসের ১৬ তারিখ অবধি বাণারসের আফীনের আসিষ্টাণ্ট সব-ডেপুটী এজেণ্টের কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলেন।

চিকিৎসা সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১ সেপ্টেম্বর।—নিম্নলিখিত মহাশয়েরা বগুড়ার দাতব্য ঔষধালয়ের কার্য্য সম্পাদনার্থ কমিটীতে নিযুক্ত হইলেন।

ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু মাধবচন্দ্র মৈত্র স্থানান্তরে নিযুক্ত হওয়াতে তৎপরিবর্ত্তে ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত মৌলবী সৈয়দ ওবেদুল্লা।

পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট মেজর শ্রীযুত ডবলিউ, ডবলিউ, হিউম সাহেব স্থানান্তরে নিযুক্ত হওয়াতে তৎপরিবর্ত্তে পোলীসের একটিং ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ, ডাসন সাহেব।

ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুত বাবু অক্ষয়কুমার চট্টোপাধ্যায় স্থানান্তরে নিযুক্ত হওয়াতে তৎপরিবর্ত্তে উকীল শ্রীযুত বাবু গিরীশচন্দ্র সেন।

১৮৭৬ সাল ৯ সেপ্টেম্বর।—নিম্নলিখিত মহাশয়েরা মেদিনীপুর জিলার অন্তর্গত মহিষাদলস্থ রথগড়া বাজারের দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীর অতিরিক্ত মেম্বরের পদে নিযুক্ত হইলেন।

যিনি যে সময়ে মহকুমার কর্ত্তৃপক্ষ হন তিনি স্বীয় পদোপলক্ষে।

শ্রীযুত বাবু মথুরানাথ দাস।

মহিষাদলের ইংরেজী বাঙ্গালা বিদ্যালয়ের প্রধান শিক্ষক শ্রীযুত বাবু যদুনাথ রায়।

১৮৭৬ সাল ১১ সেপ্টেম্বর।—নিম্নলিখিত মহাশয়েরা মেদিনীপুর জিলার অন্তর্গত গোল গ্রামের দাতব্য ঔষধালয়ের কার্য্য সম্পাদনার্থ কমিটীতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত বাবু পঞ্চানন চট্টোপাধ্যায় ...	...	...	শ্রীযুত রাজা যতীন্দ্র-মোহন ঠাকুরের জমীদারীর নায়েব।
,, ,, ঈশ্বরচন্দ্র ঘোষ কারকুন ...	...	...	

সমুদ্রসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ৩১ আগষ্ট।—সওদাগরী জাহাজের নাবিক বিষয়ক আইন সংশোধন করণার্থ ১৮৭৬ সালের ১৩ আইনের ৩ ও ৪ ও ৫ ও ৬ ও ৮ ধারার বিধান সফল করণার্থে উড়িষ্যার বন্দর সমূহের রক্ষক সাহেব ফলস পাইণ্ট বন্দরের কর্ত্তৃপক্ষের পদে নিযুক্ত হইলেন। উড়িষ্যার বন্দর সমূহের রক্ষক সাহেব ও বালেশ্বরের সমুদ্র মাস্থলের কালেক্টর সাহেবও বালেশ্বরবন্দরে উক্ত আইনের ৩ ও ৪ ও ৫ ও ৮ ধারার বিধান সফল করণার্থে নিযুক্ত হইলেন। বালেশ্বরের কষ্টমের

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ১৯ সেপ্টেম্বর।]

Collector of Customs, Balasore, is also appointed to carry out the provisions of Section 6 of the same Act for the Balasore Ports.

The Collector of Pooree is appointed to be the officer in the Pooree Ports to carry out the provisions of Sections 3, 4, 5, 6, and 8 of Act XIII of 1876 (an Act to amend the law relating to merchant seamen).

MUNICIPAL.—*The 1st September* 1876.—Moulvi Syed Nasiruddin, Sub-Deputy Collector, Buxar, is appointed to be Vice-Chairman to the Commissioners of the Municipality of that place.

ECONOMIC MUSEUM.—*The 12th September* 1876.—The following gentlemen are appointed to be members of the Balasore Local Economic Museum Committee, viz.—

Baboo Jagadish Nath Roy, District Superintendent of Police.
" Madan Mohan Dass, Merchant.
" Purushuttam Dass, Zemindar.
" Ram Mohun Dass, Zemindar.
" Mothur Mohan Parhi, Merchant.
" Radhasyam Dass, Zemindar.
" Radharaman Dass, Zemindar.

ROAD CESS.—*The 9th September* 1876.—The following gentlemen are re-appointed to be members of the District Road Cess Committee of Dacca, viz.—

Khajah Ahsanollah, Khan Bahadoor.	Baboo Radhica Mohun Rai.
Baboo Obhoy Churn Bose, Rai Bahadoor.	" Roop Lall Das.
Mr. J. G. N. Pogose.	" Sri Nath Rai.

ERRATA.—*The 12th September* 1876.—In the orders of the 25th ultimo, published in the *Calcutta Gazette* of the 6th instant, appointing certain Rural Sub-Registrars in the district of the 24-Pergunnahs—

For "Baboo Jogendro Chunder Mukerjee, Rural Sub-Registrar of Adhata, is appointed to be Rural Sub-Registrar of Baraset, in the district of 24-Pergunnahs," *read* "Baboo Jogendro Chunder Mukerjee, Rural Sub-Registrar of Adhata, is appointed to be Rural Sub-Registrar of Manicknuggur, in the district of 24-Pergunnahs."

The following Notification is republished from the *Assam Gazette* :—

The 1st September 1876.—Mr. H. F. Mathews, C.S., Assistant Commissioner, is placed in charge of the sub-division of Golaghat, in the district of Seebsaugor.

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

ROAD CESS NOTIFICATION.

DISTRICT OF BANKOORA.

The 11th September 1876.—It is notified, under Section 75 of Act X (B.C.) of 1871 (the District Road Cess Act), that the Road Cess Committee of the district of Bankoora have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act for the cess year beginning on the 1st October 1876 at the following rates :—

I. Six pies, or two pice, on every rupee of the annual value of lands under Parts II and III of the Act.

কালেক্টর সাহেবও বালেশ্বর বন্দরে উক্ত আইনের ৬ ধারার বিধান সফল করণার্থে নিযুক্ত হইলেন।

পুরীর কালেকটর সাহেব সওদাগরী জাহাজের নাবিক বিষয়ক আইন সংশোধন করণার্থ ১৮৭৬ সালের ১৩ আইনের ৩ ও ৪ ও ৫ ও ৬ ও ৮ ধারার বিধান সফল করণার্থে পুরীর বন্দর সমূহের কর্ত্তৃপক্ষের পদে নিযুক্ত হইলেন।

মুনিসিপল সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১ সেপ্টেম্বর।—বক্সারের সব-ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবী সৈয়দ নাসিরুদ্দীন, ঐ স্থানের মুনিসিপালিটীর কমিশ্যনরদের প্রতিনিধি সভাপতির পদে নিযুক্ত হইলেন।

ইকনমিক মিউসিয়ম সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১২ সেপ্টেম্বর।—নিম্নলিখিত মহাশয়েরা বালেশ্বরের ইকনমিক মিউসিয়ম কমিটীতে নিযুক্ত হইলেন।

পোলীসের ডিষ্ট্রিকট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত বাবু জগদীশ নাথ রায়।
সওদাগর শ্রীযুত বাবু মদন মোহন দাস।
জমীদার শ্রীযুত বাবু পুরুষোত্তম দাস।
,, ,, ,, রামমোহন দাস।
সওদাগর ,, ,, মথুরমোহন পার্হি।
জমীদার ,, ,, রাধাশ্যাম দাস।
,, ,, ,, রাধারমণ দাস।

পথকর বিষয়ক বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ৯ সেপ্টেম্বর।—নিম্নলিখিত মহাশয়েরা ঢাকা জিলার পথকর কমিটীতে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

শ্রীযুত খাজা আসানুল্লা খাঁ বাহাদুর।
,, বাবু অভয়াচরণ বসু রায় বাহাদুর।
,, জে, জি, এন, পোগস সাহেব।
শ্রীযুত বাবু রাধিকামোহন রায়।
,, ,, রূপলাল দাস।
,, ,, শ্রীনাথ রায়।

অশুদ্ধশোধন।—১৮৭৬ সাল ১২ সেপ্টেম্বর।—২৪ পরগনা জিলায় কএক জন গ্রাম্য সব-রেজিষ্ট্রার নিযুক্ত করণ বিষয়ক গত মাসের ২৫ তারিখের যে আজ্ঞা এই মাসের ১২ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় তাহাতে,—

"আধহাটার গ্রাম্য সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু যোগেন্দ্রচন্দ্র মুখোপাধ্যায় ২৪ পরগনা জিলার অন্তর্গত বারাসতের গ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন" এই কথার পরিবর্ত্তে "আধহাটার গ্রাম্য সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু যোগেন্দ্রচন্দ্র মুখোপাধ্যায় ২৪ পরগনা জিলার অন্তর্গত মাণিকনগরের গ্রাম্য সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইলেন" পাঠ করিতে হইবে।

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেটহইতে উদ্ধৃত করা গেল।

১৮৭৬ সাল ১ সেপ্টেম্বর।—আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত এচ, এফ মাথিউস সাহেব সি, এস, শিবসাগর জিলার অন্তর্গত গোলাঘাট মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভার পাইলেন।

আর, এল, মাঙ্গেল্‌স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বাঁকুড়া জিলার

পথকর বিষয়ক বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১১ সেপ্টেম্বর।—প্রদেশীয় পথকর বিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৫ ধারামতে এই সম্বাদ দেওয়া গেল। বাঁকুড়া জিলার পথকর সম্পর্কীয় কমিটী ঐ আইনের ৭৪ ধারানুসারে কর আদায়ের বৎসর আরম্ভ অর্থাৎ ১৮৭৬ সালের অক্টোবর মাসের ১ তারিখ অবধি নিম্নলিখিত হারে কর আদায় করিতে স্থির করিয়াছেন।

১।—উক্ত আইনের দ্বিতীয় ও তৃতীয় অধ্যায়ানুসারে ভূমির যত টাকা বার্ষিক মূল্য ধরা গিয়াছে তাহার উপর টাকা প্রতি ৲১০ দুই পয়সা।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ১৯ সেপ্টেম্বর।]

II. The following rates on non-agricultural houses and shops estimated to be of the present value of—

				Yearly Cess. Rs.	A.	P.
Not less than Rs.	100,	but less than Rs.	500	... 1	0	0
,,	500,	,,	1,000	... 3	0	0
,,	1,000,	,,	2,000	... 4	8	0

,, 2,000 and upwards, Rs. 3 for every Rs. 1,000 or part thereof of the estimated present value.

Shops and buildings used for purposes of trade, whose estimated present value is more than Rs. 25 and less than Rs. 100, to pay a yearly tax of one rupee.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

ROAD CESS NOTIFICATION.

DISTRICT OF HOOGHLY.

The 11th September 1876.—It is notified, under Section 75 of Act X (B.C.) of 1871 (the District Road Cess Act), that the Road Cess Committee of the district of Hooghly have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act for the cess year beginning on the 1st October 1876 at the following rates :—

I. Six pies, or two pice, on every rupee of the annual value of lands under Part II of the Act.

II. The following rates on non-agricultural houses and shops estimated to be of the present value of—

				Yearly Cess. Rs.	A.	P.
Not less than Rs.	100,	but less than Rs.	500	... 1	0	0
,,	500,	,,	1,000	... 3	0	0
,,	1,000,	,,	2,000	... 4	8	0

,, 2,000 and upwards, Rs. 3 for every Rs. 1,000 or part thereof of the estimated present value.

Shops and buildings used for purposes of trade, whose estimated present value is more than Rs. 25 and less than Rs. 100, to pay a yearly tax of one rupee.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

ROAD CESS NOTIFICATION.

DISTRICT OF BURDWAN.

The 11th September 1876.—It is notified, under Section 75 of Act X (B.C.) of 1871 (the District Road Cess Act), that the Road Cess Committee of the district of Burdwan have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act for the cess year beginning on the 1st October 1876 at the following rates :—

I. Four and a half pie or a pice and a half on every rupee of the annual value of ands and net profits of mines and quarries under Parts II and III of the Act.

II. The following rates on non-agricultural houses and shops estimated to be of the present value of—

				Yearly Cess. Rs.	A.	P.
Not less than Rs.	100,	but less than Rs.	500	... 0	12	0
,,	500,	,,	1,000	... 2	4	0
,,	1,000,	,,	2,000	... 3	6	0

,, 2,000 and upwards, Rs. 2-4 for every Rs. 1,000 or part thereof of the estimated present value.

[*Government Gazette, 19th September* 1876.]

২।—কৃষকদের ঘরছাড়া অন্য ঘরের ও দোকানের উপর এই হারে,—

এইক্ষণকার আনুমানিক মূল্য						বার্ষিক কর। টাকা।
১০০৲ টাকা অবধি		৫০০৲ টাকা পর্য্যন্ত		...	...	১৲
৫০০৲	,,	১০০০৲	,,	...	...	৩৲
১০০০৲	,,	২০০০৲	,,	...	...	৪॥০

মূল্য ২০০০৲ টাকার কম না হইলে তাহার অধিক যত হউক, সহস্রের কিম্বা তাহার কোন অংশের ৩৲ টাকা।

দোকান ও অন্য যে ঘর ব্যবসায়কার্য্যে ব্যবহার হইয়া থাকে তাহার এইক্ষণকার মূল্য ২৫৲ টাকার অধিক ও ১০০৲ টাকার কম করিয়া ধরা গেলে, তাহার উপর বৎসর ১৲ এক টাকা টাক্স লাগিবে।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

হুগলী জিলার
পথকর বিষয়ক বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১১ সেপ্টেম্বর।—প্রদেশীয় পথকর বিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৫ ধারামতে এই সম্বাদ দেওয়া গেল। হুগলী জিলার পথকর সম্পর্কীয় কমিটী ঐ আইনের ৭৪ ধারানুসারে কর আদায়ের বৎসর আরম্ভ অর্থাৎ ১৮৭৬ সালের অক্টোবর মাসের ১ তারিখ অবধি নিম্নলিখিত হারে কর আদায় করিতে স্থির করিয়াছেন।

১।—আইনের দ্বিতীয় অধ্যায়ানুসারে ভূমির যত টাকা বার্ষিক মূল্য ধরা গিয়াছে তাহার উপর টাকা প্রতি ৲১০ দুই পয়সা।

২।—কৃষকদের ঘর ছাড়া অন্য ঘরের ও দোকানের উপর এই হারে,—

এইক্ষণকার আনুমানিক মূল্য						বার্ষিক কর। টাকা।
১০০৲ টাকা অবধি		৫০০৲ টাকা পর্য্যন্ত		...	...	১৲
৫০০৲	,,	১০০০৲	,,	...	...	৩৲
১০০০৲	,,	২০০০৲	,,	...	...	৪॥০

মূল্য ২০০০৲ টাকার কম না হইলে তাহার অধিক যত হউক, সহস্রের কিম্বা তাহার কোন অংশের ৩৲ টাকা।

দোকান ও অন্য যে ঘর ব্যবসায়কার্য্যে ব্যবহার হইয়া থাকে তাহার এইক্ষণকার মূল্য ২৫৲ টাকার অধিক ও ১০০৲ টাকার কম করিয়া ধরা গেলে, তাহার উপর বৎসর ১৲ এক টাকা টাক্স লাগিবে।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বর্দ্ধমান জিলার
পথকর বিষয়ক বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১১ সেপ্টেম্বর।—প্রদেশীয় পথকর বিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৫ ধারামতে এই সম্বাদ দেওয়া গেল। বর্দ্ধমান জিলার পথকর সম্পর্কীয় কমিটী ঐ আইনের ৭৪ ধারানুসারে কর আদায়ের বৎসর আরম্ভ অর্থাৎ ১৮৭৬ সালের অক্টোবর মাসের ১ তারিখ অবধি নিম্নলিখিত হারে কর আদায় করিতে স্থির করিয়াছেন।

১।—আইনের দ্বিতীয় ও তৃতীয় অধ্যায়ানুসারে ভূমির যত টাকা বার্ষিক মূল্য ধরা গিয়াছে তাহার এবং খনির ও প্রস্তরের খনির নিট লভ্যের উপর টাকা প্রতি ৲৭॥০ দেড় পয়সা।

২।—কৃষকদের ঘর ছাড়া অন্য ঘরের ও দোকানের উপর এই হারে—

এইক্ষণকার আনুমানিক মূল্য						বার্ষিক কর। টাকা।
১০০৲ টাকা অবধি		৫০০৲ টাকা পর্য্যন্ত		...	...	৸০
৫০০৲	,,	১০০০৲	,,	...	...	২।০
১০০০৲	,,	২০০০৲	,,	...	...	৩।৵০

মূল্য ২০০০৲ টাকার কম না হইলে তাহার অধিক যত হউক, সহস্রের কিম্বা তাহার কোন অংশের ২।০ টাকা।

Shops and buildings used for purposes of trade, whose estimated present value is more than Rs. 25 and less than Rs. 100, to pay a yearly tax of twelve annas.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 11*th September* 1876.—It is hereby notified that the declaration for the acquisition of 3 beeghas 5 cottahs 4 chittacks of land, required for the site of a store-house for the Northern Bengal State Railway, partly in the village of Rampore and partly in the village of Bibeer Chuck, in the district of Rajshahye, published in the *Calcutta Gazette* of the 1st, 8th, and 15th September 1875, is cancelled.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 31*st July* 1876.—It is hereby notified that the undermentioned tracts of land in pergunnah Rohtas, in the sub-division of Sasseram, zillah Shahabad, measuring about 37½ square miles and within the boundaries described below, have been set aside by order of the Lieutenant-Governor of Bengal as reserved forest tracts, under the provisions of Act VII of 1865 and the Bengal Forest Rules of 1871.

The tracts reserved comprise—

1*st*.—The Rohtas slopes, measuring about 10·73 square miles, being the sides of the hill from the plain to the crest, the summit of which forms the Rohtas plateau, the said slopes extending irregularly for a distance of about 28 miles round the plateau.

2*nd*.—The Rohal plateau, comprising that part of Taluka Rohal which is at present held khas by Government, about 11 square miles, and excluding the cultivated portion at present settled with the Maharajah of Deo, above a square mile in area. The plateau is bounded on the south and east by the Rohal slopes; on the north by mouzahs Boodhua and Chunda; and on the west by mouzahs Bargar and Pipardih.

3*rd*.—The tract of land known as the Bansi-koh, measuring about 5·76 square miles, being a strip of land about 6 miles in length, comprising slopes and valley, bounded on the north by the plateau villages of Dholdag, Bundha, and Sodag, and on the south by mouzah Mudkopea and Nomadih, Amungua, Teera-khurd and Kalan.

4*th*.—The Rohtas plateau, measuring about 9·43 square miles, being the table land bounded on all sides by the slopes known as the Rohtas slopes, except on the south-west corner, where a narrow neck of land joins it to Taluqa Rohal.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

ERRATUM.

The 9*th September* 1876.—In the Notification dated 7th August 1876, published at page 954 of the *Calcutta Gazette* of 9th August 1876, defining the boundaries of the Dum Dum cantonment for purposes of Act IV (B.C.) of 1873, relating to the registration of births and deaths, *for* "Digha" and "Baddihaty" *read* respectively "Digla" and "Kadihatty."

H. J. S. COTTON,
Junior Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 9*th September* 1876.—Under the provisions of Section 1 of Act IV (B.C.) of 1873, the Lieutenant-Governor is pleased to direct that from the 1st October 1876 all births and deaths occurring within the limits of the union of Mokameh, in the Patna district, shall be registered.

2. For the purposes of this Act the boundaries of the said union of Mokameh shall be the same as those specified in the Government notification dated the 1st December 1871,

দোকান ও অন্য যে ঘর ব্যবসায়কার্য্যে ব্যবহার হইয়া থাকে তাহার এইক্ষণকার মূল্য ২৫৲ টাকার অধিক ও ১০০৲ টাকার কম করিয়া ধরা গেলে, তাহার উপর বৎসর ৸০ বার আনা টাক্স লাগিবে।

এচ, জে, রেনলডস্,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১১ সেপ্টেম্বর।—রাজশাহী জিলার অন্তর্গত অংশতঃ রামপুর গ্রামে ও অংশতঃ বিবির-চক গ্রামে, বঙ্গদেশের উত্তরদিগের ষ্টেট রেলওয়ের গুদাম ঘর প্রস্তুত করণার্থে ৩।০৲। ছটাক ভূমি গ্রহণ বিষয়ক যে জ্ঞাপনপত্র ১৮৭৫ সালের সেপ্টেম্বর মাসের ৭ তারিখের বঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় তাহা রহিত করা গেল, এতদ্দ্বারা ইহা প্রকাশ করা যাইতেছে।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ৩১ জুলাই।—শাহাবাদ জিলার অন্তর্গত শাসিরাম মহকুমার রোহতাস পরগনার প্রায় ৩৭।।০ বর্গমাইল পরিমিত ও পশ্চাৎ নির্দ্দিষ্ট সীমার অন্তর্গত নিম্নলিখিত কএক খণ্ড ভূমি ১৮৬৫ সালের ৭ আইনের বিধান ও বঙ্গদেশের বনবিষয়ক ১৮৭১ সালের বিধি অনুসারে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞাক্রমে রক্ষিত বন বলিয়া স্বতন্ত্র রাখা গেল।

রক্ষিত ভূমি এই২।—

প্রথম।—রোহতাসের প্রায় ১০.৭৩ বর্গ মাইল পরিমিত ঢালু স্থান পর্ব্বতের পার্শ্বের সমতল ভূমি হইতে শৃঙ্গ পর্য্যন্ত পঁহুছে, ঐ শৃঙ্গ রোহতাসের সমভূমি, উক্ত সমভূমির চতুর্দ্দিগে ঐ ঢালু ভূমি অসমানরূপে প্রায় ২৮ মাইল পর্য্যন্ত নামিয়া যায়।

দ্বিতীয়।—রোহালের সমভূমি অর্থাৎ দেওর মহারাজার সঙ্গে এক বর্গ মাইলের অধিক কর্ষিত যে অংশের সম্প্রতি বন্দোবস্ত করা গিয়াছে তদ্ভিন্ন তালুকা রোহালের যে অংশ এইক্ষণে গবর্ণমেণ্টের খাস আছে প্রায় ১১ বর্গ মাইল পরিমিত, সেই অংশ। উক্ত সমভূমির দক্ষিণ ও পূর্ব্ব সীমা রোহালের ঢালু ভূমি, উত্তর সীমা বুধুয়া ও চণ্ডা মৌজা, পশ্চিম সীমা বার্গার ও পিপারডিহ মৌজা।

তৃতীয়।—বংশী-কোহনামে খ্যাত ভূমিখণ্ড, ইহার পরিমাণ প্রায় ৫.৭৬ বর্গ মাইল ঐ ভূমি খণ্ড ঢালু ও উপত্যকাশুদ্ধ প্রায় ৬ মাইল দীর্ঘ ভূমি, তাহার উত্তর সীমা ঢোলদাগ ও বন্ধা ও সোদাগ নামক সম ভূমির গ্রাম, দক্ষিণ সীমা মদকোপিয়া মৌজা ও নমাডিহ ও আমনগুয়া ও তীরা খুর্দ্দ ও কালান।

চতুর্থ।—রোহতাসের প্রায় ৯.৪৩ বর্গ মাইল পরিমিত সমভূমি ইহার চতুঃসীমা রোহতাসের ঢালু ভূমি নামে খ্যাত ঢালুভূমি, কিন্তু দক্ষিণ পশ্চিম কোণে অপ্রশস্ত ভূমি খণ্ডদ্বারা তালুকা রোহালের সহিত সংযুক্ত হয়।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

অশুদ্ধশোধন।

১৮৭৬ সাল ৯ সেপ্টেম্বর।—জন্ম ও মৃত্যু রেজিষ্টরী করণ সম্পর্কে ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের কার্য্যপক্ষে দম্‌দমা সেনানিবেশের সীমা নির্দ্দেশকারি ১৮৭৬ সালের আগষ্ট মাসের ৭ তারিখের যে জ্ঞাপনপত্র ঐ মাসের ১৫ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ৭৯৭ পৃষ্ঠায় প্রকাশ করা যায় তাহাতে "দীঘা" ও "বদ্দিবাটী" এই২ নামের পরিবর্ত্তে "দিঘলা" ও "কাদিহাটী" পাঠ করিতে হইবে।

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ৯ সেপ্টেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের ১ ধারার বিধানমতে এই আজ্ঞা করিলেন। পাটনা জিলার অন্তর্গত মোকামা গ্রাম সমাহারের সীমার মধ্যে ১৮৭৬ সালের অক্টোবর মাসের ১ তারিখঅবধি জন্ম ও মৃত্যু রেজিষ্টরী করিতে হইবে।

২। ১৮৫৬ সালের ২০ আইনের কার্য্যপক্ষে মেকামা গ্রাম সমহারের যে সীমা ১৮৭১ সালের ডিসেম্বর মাসের ১ তারিখের গবর্ণমেণ্টের জ্ঞাপনপত্রে নির্দ্দিষ্ট হইয়া ১৮৭২ সালের জানুআরি

published in the *Calcutta Gazette* of the 3rd January 1872, for the purposes of Act XX of 1856.

3. From and after 1st October next the whole Act IV (B.C.) of 1873 shall apply to the entire area above defined.

H. J. S. COTTON,
Junior Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 9th September 1876.—Under the provisions of Section 1 of Act IV (B.C.) of 1873, the Lieutenant-Governor is pleased to direct that from the 1st October 1876 all births and deaths occurring within the limits of the union of Kissengunge, in the Purneah district, shall be registered.

2. For the purposes of this Act the boundaries of the said union of Kissengunge shall be the same as those specified in the Government notification dated the 18th February 1864, published in the *Calcutta Gazette* of the 24th February 1864, for the purposes of Act XX of 1856.

3. From and after 1st October next the whole Act IV (B.C.) of 1873 shall apply to the entire area above defined.

H. J. S. COTTON,
Junior Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 9th September 1876.—Under the provisions of Section 1 of Act IV (B.C.) of 1873, the Lieutenant-Governor is pleased to direct that from the 1st October 1876 all births and deaths occurring within the limits of the union of Futwah, in the Patna district, shall be registered.

2. For the purposes of this Act the boundaries of the said union of Futwah shall be the same as those specified in the Government notification dated the 25th October 1859, published in the *Calcutta Gazette* of the 2nd November 1859, for the purposes of Act XX of 1856.

3. From and after 1st October next the wh ole Act IV (B.C.) of 1873 shall apply to the entire area above defined.

H. J. S. COTTON,
Junior Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 9th September 1876.—Under the provisions of Section 1 of Act IV (B.C.) of 1873, the Lieutenant-Governor is pleased to direct that from the 1st October 1876 all births and deaths occurring within the limits of the town of Colgong, in the Bhagulpore district, shall be registered.

2. For the purposes of this Act the boundaries of the said town of Colgong shall be the same as those specified in the Government notification dated the 13th February 1869, published in the *Calcutta Gazette* of the 17th February 1869, for the purposes of Act IV (B.C.) of 1868.

3. From and after the 1st October next the whole Act IV (B.C.) of 1873 shall apply to the entire area above defined.

H. J. S. COTTON,
Junior Secy. to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 2108C.S.

The 5th September 1876.—Baboo Shib Persad Sing, of Rambagh, is appointed to be an Honorary Magistrate in the district of Cuttack, and is vested with the powers of a Magistrate of the Second Class.

The 6th September 1876.—Dr. R. Sandiford is appointed to be an Honorary Magistrate in the district of Bogra, and is vested with the powers of a Magistrate of the Third Class.

[*Government Gazette*, 19*th September* 1876.]

৯ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় এই আইনের কার্য্যপক্ষেও উক্ত গ্রাম সমাহারের সেই সীমা হইবে।

৩। আগামি অক্টোবর মাসের ১ তারিখ অবধি ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের সমুদয় উপরোক্ত সীমার অন্তর্গত সর্ব্বত্র বর্ত্তিবে।"

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ৯ সেপ্টেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের ১ ধারার বিধানমতে এই আজ্ঞা করিলেন। পূরণিয়া জিলার অন্তর্গত কৃষ্ণগঞ্জ গ্রাম সমাহারের সীমার মধ্যে ১৮৭৬ সালের অক্টোবর মাসের ১ তারিখ অবধি জন্ম ও মৃত্যু রেজিষ্টরী করিতে হইবে।

২। ১৮৫৬ সালের ২০ আইনের কার্য্যপক্ষে কৃষ্ণগঞ্জ গ্রাম সমাহারের যে সীমা ১৮৬৪ সালের ফেব্রুআরি মাসের ১৮ তারিখের গবর্ণমেণ্ট জ্ঞাপনপত্রে নির্দ্দিষ্ট হইয়া ১৮৬৪ সালের মার্চ মাসের ১ তারিখের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় এই আইনের কার্য্যপক্ষেও উক্ত গ্রাম সমাহারের সেই সীমা হইবে।

৩। আগামি অক্টোবর মাসের ১ তারিখ অবধি ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের সমুদয় উপরোক্ত সীমার অন্তর্গত সর্ব্বত্র বর্ত্তিবে।

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ৯ সেপ্টেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের ১ ধারার বিধানমতে এই আজ্ঞা করিলেন। পাটনা জিলার অন্তর্গত ফতওয়া গ্রাম সমাহারের সীমার মধ্যে ১৮৭৬ সালের অক্টোবর মাসের ১ তারিখ অবধি জন্ম ও মৃত্যু রেজিষ্টরী করিতে হইবে।

২। ১৮৫৬ সালের ২০ আইনের কার্য্যপক্ষে ফতওয়া গ্রাম সমাহারের যে সীমা ১৮৫৯ সালের অক্টোবর মাসের ২৫ তারিখের গবর্ণমেণ্ট জ্ঞাপনপত্রেনির্দ্দিষ্ট হইয়া ১৮৫৯ সালের নবেম্বর মাসের ৮ তারিখের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় এই আইনের কার্য্যপক্ষেও উক্ত গ্রাম সমাহারের সেই সীমা হইবে।

৩। আগামি অক্টোবর মাসের ১ তারিখ অবধি ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের সমুদয় উপরোক্ত সীমার অন্তর্গত সর্ব্বত্র বর্ত্তিবে।

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ৯ সেপ্টেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের ১ ধারার বিধানমতে এই আজ্ঞা করিলেন। ভাগলপুর জিলার অন্তর্গত কাহালগাঁ নগরের সীমার মধ্যে ১৮৭৬ সালের অক্টোবর মাসের ১ তারিখ অবধি জন্ম ও মৃত্যু রেজিষ্টরী করিতে হইবে।

২। ১৮৬৮ সালের বঙ্গীয় ৪ আইনের কার্য্যপক্ষে কাহালগাঁ নগরের যে সীমা ১৮৬৯ সালের ফেব্রুয়ারি মাসের ১৩ তারিখের গবর্ণমেণ্ট জ্ঞাপনপত্রে নির্দ্দিষ্ট হইয়া ১৮৬৯ সালের ফেব্রুয়ারি মাসের ২৩ তারিখের বাঙ্গালা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় এই আইনের কার্য্যপক্ষেও উক্ত নগরের সেই সীমা হইবে।

৩। আগামি অক্টোবর মাসের ১ তারিখ অবধি ১৮৭৩ সালের বঙ্গীয় ৪ আইনের সমুদয় উপরোক্ত সীমার অন্তর্গত সর্ব্বত্র বর্ত্তিবে।

এচ, জে, এস, কটন,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের দ্বিতীয় সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

২১০৮C.S. নম্বর।

১৮৭৬ সাল ৫ সেপ্টেম্বর।—রামবাগের শ্রীযুত বাবু শিবপ্রসাদ সিংহ কটক জিলায় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৭৬ সাল ৬ সেপ্টেম্বর।—ডাক্তর শ্রীযুত আর, সাণ্ডিফর্ড সাহেব বগুড়া জিলায় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ১৯ সেপ্টেম্বর।]

The 9th September 1876.—Baboo Devi Charan Chowdry is appointed to be an Honorary Magistrate in the district of Tipperah, and is vested with the powers of a Magistrate of the Third Class.

Mr. R. T. Sevestre, Deputy Magistrate and Deputy Collector, Burdwan, is vested with the powers of a Magistrate of the First Class.

The 11th September 1876.—Mr. C. W. Bolton, Officiating Assistant Commissioner, Doomka, in the district of Sonthal Pergunnahs, is vested with the powers of a Subordinate Judge in that district.

LEAVE OF ABSENCE TO MOONSIFS.—*The 6th September* 1876.—Baboo Shambhu Chandra Nag, B.L., Moonsif of Serajgunge, in the district of Rajshahye, is allowed privilege leave of absence for the ensuing Dusserah vacation, under Section 21, Chapter VI of the Civil Leave Code.

Baboo Shib Dass Mookerjee, Moonsif of Gungajalghattee, in the district of West Burdwan, is allowed privilege leave of absence for thirty days, with effect from the 18th September 1876, under Section 21, Chapter VI of the Civil Leave Code.

Baboo Khetter Proshad Mookerjee, B.L., Moonsif of Julpigoree, in the province of Cooch Behar, is allowed privilege leave of absence for a month during the Dusserah vacation, under Section 21, Chapter VI of the Civil Leave Code.

Baboo Parbutty Coomar Mitter, Moonsif of Kharackdea, in the province of Chota Nagpore, is allowed privilege leave of absence for the Dusserah vacation, under Section 21, Chapter VI of the Civil Leave Code.

The 7th September 1876.—Baboo Ram Chundra Dhur, Moonsif of Meherpore, in the district of Nuddea, is allowed leave of absence for two months, under Section 3, Supplement F of the Civil Leave Code, in extension of that granted to him on the 8th July 1876.

The 11th September 1876.—Baboo Syam Chand Roy, Moonsif of Jamalpore, in the district of Mymensingh, is allowed privilege leave of absence for one month and fifteen days, with effect from the 18th September 1876, under Section 21, Chapter VI of the Civil Leave Code.

Baboo Matadeen, Moonsif of Moteeharee, in the district of Sarun, is allowed privilege leave of absence for two months, under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the date on which he may avail himself of it.

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 11th September 1876.—Under the provisions of Section 234 of the Bengal Municipal Act V (B.C.) of 1876, it is hereby notified that the Lieutenant-Governor is pleased, on the recommendation of the Commissioners of the Municipality of Howrah at a meeting, to extend all the provisions of Part VII, Chapter II of the Act to the said Municipality.

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 8th September 1876.—Under Section 3, Act I (B.C.) of 1876, an Act to provide for the voluntary registration of Mahomedan marriages and divorces, the Lieutenant-Governor has been pleased to grant licenses to the following gentlemen authorizing them to register Mahomedan marriages and divorces, and to exercise the other functions of a

১৮৭৬ সাল ৯ সেপ্টেম্বর।—শ্রীযুত বাবু দেবীচরণ চৌধুরী ত্রিপুরা জিলায় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

বর্দ্ধমানের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত আর, টি, সিবেষ্টর সাহেব প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৭৬ সাল ১১ সেপ্টেম্বর।—সাঁওতাল পরগনা জিলার অন্তর্গত দুম্‌কার একটিং আসিষ্টাণ্ট কমিশ্যনর শ্রীযুত সি, ডবলিউ, বোল্‌টন সাহেব, ঐ জিলাতে সবর্ডিনেট জজের ক্ষমতা পাইলেন।

মুনসেফদের ছুটী।—১৮৭৬ সাল ৬ সেপ্টেম্বর।—রাজশাহী জিলার অন্তর্গত শেরাজগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু শম্ভুচন্দ্র নাগ, বি, এল, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে আগামি দুর্গোৎসবের বন্দে অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

পশ্চিম বর্দ্ধমান জিলার অন্তর্গত গঙ্গাজলঘাটির মুনসেফ শ্রীযুত বাবু শিবদাস মুখোপাধ্যায়, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে ১৮৭৬ সালের সেপ্টেম্বর মাসের ১৮ তারিখ অবধি ত্রিশ দিন অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

কুচবিহার প্রদেশের অন্তর্গত জলপাইগুড়ির মুনসেফ শ্রীযুত বাবু ক্ষেত্রপ্রসাদ মুখোপাধ্যায়, বি, এল, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে আগামি দুর্গোৎসবের বন্দে এক মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

ছোট নাগপুর প্রদেশের অন্তর্গত খরকদিয়ার মুনসেফ শ্রীযুত বাবু পার্ব্বতীকুমার মিত্র, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে আগামি দুর্গোৎসবের বন্দে অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ৭ সেপ্টেম্বর।—নদীয়া জিলার অন্তর্গত মেহেরপুরের মুনসেফ শ্রীযুত বাবু রামচন্দ্র ধর ১৮৭৬ সালের জুলাই মাসের ৮ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ১১ সেপ্টেম্বর।—ময়মনসিংহ জিলার অন্তর্গত জামালপুরের মুনসেফ শ্রীযুত বাবু শ্যামচাঁদ রায় সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে ১৮৭৬ সালের ১৮ সেপ্টেম্বর অবধি এক মাস পনের দিন অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

সারণ জিলার অন্তর্গত মতিহারির মুনসেফ শ্রীযুত মাতাদিন বাবু যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে দুই মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

আর, এল, মাঙ্গেলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১১ সেপ্টেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব হাবড়া মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের পরামর্শক্রমে বঙ্গীয় মুনিসিপল বিষয়ক ১৮৭৬ সালের ৫ আইনের ২৩৪ ধারার বিধানমতে উক্ত আইনের দ্বিতীয় অধ্যায়ের ৭ পরিচ্ছেদের লিখিত সমস্ত বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিলেন।

আর, এল, মাঙ্গেল্‌স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ৮ সেপ্টেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব মুসলমানদের বিবাহ ও তালাক এত্তি ারমতে রেজিষ্টরী করিবার বিধান করণার্থ ১৮৭৬ সালের বঙ্গীয় ১ আইনের ৩ ধারানুসারে নিম্নলিখিত মহাশয়দিগকে লাইসেন্স দিয়া নিম্নলিখিত টেবিলের চতুর্থ ঘরে তাঁহাদের নামের পার্শ্বলিখিত পোলীস

Mahomedan Registrar, within the limits of the police-stations entered in the fourth column of the table below, opposite to their respective names :—

District.	Sub-division.	Registration sub-district.	Thana or outpost comprising the Mahomedan Registrar's jurisdiction.	Head-quarters.	Name of Registrar.
Chittagong ...	Cox's Bazar ...	Cox's Bazar ...	Chakariya	Chakariya ...	Moulvi Dewan Ali.*
	Chittagong ...	Raujan ...	Raujan, excluding the independent outpost of Rangoniya.	Sultanpur ...	Munshi Mahomed Nazim.†
West.—First the Durlah river, then a demarcated line round Barodighi jote so as to exclude it; again the Durlah, then a demarcated line running from the Durlah—first in an eastern and then northern direction to the Murti river; then the Murti, then a demarcated line running from the Murti to the Indong river, then the Indong.

Estimated area 46,500 acres=73 square miles.

Note.—The old jote, 554, is not included in this reserved tract.

(3) *The Dainah Forest.*

North.—A demarcated line running near the north boundary of the Kalabari talook.

East.—The Dainah river; then a demarcated line running some distance east of the Dainah.

South.—A demarcated line running from the east boundary to the Dainah river; then down the Dainah for a short distance.

West.—A demarcated line running some distance to the west of the Dainah; then the Ghatia river; then a demarcated line running some distance to the west of the Gujir Dainah river until it meets the northern boundary.

Estimated area 15,200 acres = 24 square miles.

(4) *The Muraghat Forest.*

North.—A demarcated line running from the source of the Nonai Nuddee to the source of the Garati Nuddee.

East.—The Garati Nuddee, then a short line to the Ghair Ruta Nuddee, then the Ghai Ruta Nuddee.

South and West.—The Nonai Nuddee.

Estimated area 10,920 acres = 17 square miles.

(5) *The Barojhar Forest.*

North.—The Bhootan Frontier.

East.—Hashmara, Balla Tursa, and Molungi Nuddees, then a demarcated line from the Molungi Nuddee to the Buri Basra Nuddee, then the Buri Basra and Alaikuri Nuddees.

South.—The Bania Nuddee, then a demarcated line from it to the Buri Tursa, then the Buri Tursa river.

West.—The Ulundi Nuddee, then a demarcated line to the Hashmara Nuddee, a demarcated line to the Tursa, and the Tursa river up to the Bhootan Frontier.

Estimated area 35,400 acres = 55 square miles.

(6) *The Buxa Forest.*

North.—A demarcated line from the Alaikari or Patna river running in a south-easterly direction to the Alipore Buxa road, meeting it just below Sontorabari; then running first in a north-easterly and then in a south-easterly direction to the Bhootan Frontier.

East.—The Bhootan Frontier, then the Guddadhur river, then a demarcated line running first west, then south, then east, back to the Guddadhur river, then again to Guddadhur river.

[*Government Gazette, 26th September,* 1876.]

চিহ্ন দেওয়া রেখা, তথাহইতে ঐ সীমা দক্ষিণ পূর্ব্ব ও পূর্ব্ব ও উত্তর পূর্ব্ব ও পূর্ব্ব ও দক্ষিণমুখে ছুরামারি নদীপর্য্যন্ত যায় কিন্তু যোতদারদের সঙ্গে যে ভূমির বন্দোবস্ত হইল তাহা ইহার মধ্যে আইসে না।

দক্ষিণ।—ছুরামারী ও চেঙ্গামারী নদী।

পশ্চিম।—তিষ্ঠানদী ও গজলীধুরা চা মহালের দক্ষিণ ও পূর্ব্ব সীমা ধরিয়া চিহ্নদেওয়া রেখা, পরে ঐ সীমা উত্তর মুখে গিয়া উত্তর সীমার সঙ্গে মিলিয়া যায়।

ইহার আয়তন অনুমান ১৬,৪০০ একর অর্থাৎ ২৬ বর্গ মাইল।

মন্তব্য।—এই রক্ষিত খণ্ডের মধ্যে হটন সাহেবের ও পঞ্জাব সিংহের যোত ধরা যায় নাই।

(২) তুণ্ডু বন।

উত্তর।—জলপাইগুড়ী ও দারজিলিঙ্গ জিলার মধ্যবর্ত্তি সীমা।

পূর্ব্ব।—জলদাকা নদী, ও তাহার পূর্ব্ব তটের ধারে চিহ্নদেওয়া রেখা ও আবার ঐ জলদাকা নদী।

দক্ষিণ।—জলদাকার পশ্চিম তীরের নিকট চিহ্ন দেওয়া রেখা ও জলদাকা ও মূর্ত্তি নদী ঐ মূর্ত্তিহইতে প্রথমে দক্ষিণ পরে পশ্চিম মুখে দরলা নদীপর্য্যন্ত চিহ্নদেওয়া রেখা গিয়া লালাগরী হাটের নিকট ঐ দরলা নদীর সঙ্গে মিলে।

পশ্চিম।—প্রথম দরলা নদী। পর বারোদীঘী যোত না ধরিয়া ঐ যোতের চতুর্দ্দিগে চিহ্নদেওয়া রেখা আবার দরলা নদী, পরে ঐ নদীহইতে প্রথমে পূর্ব্ব তৎপরে উত্তর মুখে মূর্ত্তি নদী পর্য্যন্তচিহ্ন দেওয়া রেখা, পরে মূর্ত্তি নদী, ও মূর্ত্তি অবধি ইণ্ডঙ্গ নদ পর্য্যন্ত চিহ্ন দেওয়া রেখা ও ইণ্ডঙ্গ নদী।

ইহার আয়তন অনুমান ৪৬, ৫০০ একর অর্থাৎ ৭৩ বর্গমাইল।

মন্তব্য।—৫৫৪ নম্বরের পুরাতন যোত এই রক্ষিতখণ্ডের মধ্যে ধরা যায় নাই।

(৩) ডাইনা বন।

উত্তর।—কালাবাড়ী তালুকের উত্তর সীমার নিকট চিহ্ন দেওয়া রেখা।

পূর্ব্ব।—ডাইনা নদী, ও ডাইনার পূর্ব্ব দিগে কতক দূরে চিহ্ন দেওয়া রেখা।

দক্ষিণ।—পূর্ব্ব সীমাহইতে ডাইনা নদী পর্য্যন্ত চিহ্ন দেওয়া রেখা ও কতক দূর পর্য্যন্ত ঐ ডাইনা ধরিয়া এই সীমা যায়।

পশ্চিম।—ডাইনার পশ্চিম দিগে কতকদূরে চিহ্ন দেওয়া রেখা ও ঘাটিয়া নদী, পরে গুজির ডাইনা নদীর পশ্চিম দিগে কতকদূরে চিহ্ন দেওয়া রেখা গিয়া উত্তর সীমার সঙ্গে মিলিয়া যায়।

ইহার আয়তন অনুমান ১৫,২০০ একর অর্থাৎ ২৪ বর্গমাইল।

(৪) মরাঘাট বন)

উত্তর।—নোনাই নদীর উৎপত্তিস্থানহইতে গরাটী নদীর উৎপত্তিস্থান পর্য্যন্ত চিহ্ন দেওয়া রেখা।

পূর্ব্ব।—গরাটী নদী ও ঘয়ররূতা নদী পর্য্যন্ত ক্ষুদ্র রেখা ও ঘয়ররূতা নদী।

দক্ষিণ ও পশ্চিম।—নোনাই নদী।

ইহার আয়তন অনুমান ১০,৯২০ একর অর্থাৎ ১৭ বর্গমাইল।

(৫) বারোঝাড় বন।

উত্তর।—ভোট দেশের অঞ্চল।

পূর্ব্ব।—হাসমারা ও বাল্লা তরসা ও মলঙ্গী নদী ও মলঙ্গীহইতে বুড়ি বাসরা নদী পর্য্যন্ত চিহ্ন দেওয়া রেখা ও বুড়ী বাসরা ও অলাইকুড়ি নদী।

দক্ষিণ।—বেনিয়া নদী ও সেই নদীহইতে বুড়ী তরসা নদী পর্য্যন্ত চিহ্ন দেওয়া রেখা ও বুড়ীতরসা নদী।

পশ্চিম।—অলন্দী নদী ও হাসমারা নদী পর্য্যন্ত চিহ্ন দেওয়া রেখা ও তরসা পর্য্যন্ত চিহ্ন দেওয়া রেখা ও ভোট দেশের অঞ্চল পর্য্যন্ত ঐ তরসা নদী।

ইহার আয়তন অনুমান ৩৫,৪০০ একর অর্থাৎ ৫৫ বর্গমাইল।

(৬) বকশা বন।

উত্তর।—অলাইকরী বা পাটনা নদীহইতে দক্ষিণ পূর্ব্ব মুখে আলিপুর বকশা রাস্তা পর্য্যন্ত চিহ্ন দেওয়া এক রেখা সন্তরা বাড়ীর দক্ষিণে ঐ রাস্তার সঙ্গে মিলে, ও প্রথমে উত্তর পূর্ব্ব পরে দক্ষিণপূর্ব্ব মুখ হইয়া ভোট দেশের অঞ্চলে পঁহুছে।

পূর্ব্ব।—ভোট দেশের অঞ্চল ও গদাধর নদ ও প্রথমে পশ্চিম পরে দক্ষিণ পরে পূর্ব্ব মুখ হইয়া গদাধর নদ পর্য্যন্ত চিহ্ন দেওয়া রেখা ও গদাধর নদ।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২৬ সেপ্টেম্বর।]

South.—A demarcated line running from the Guddadhur in a westerly direction to the Parah Nuddee.

West.—A demarcated line from the Parah river to the Nimti Ghora, the Nimti Ghora; then a demarcated line running first east, then south-east, then east, and then north to the Gurm Nuddee; then the Gurm Nuddy, then a demarcated line to the Alaikari river, and the Alaikari river to the north boundary.

Estimated area 92,400 acres = 144 square miles.

Note.—The three villages (1) Bonomali, talook Garaparah, west of Rajabhatkhowa, (2) Shookurparia, east of Rajabhatkhowa, (3) Talook Potalu Nalopara, are not included in this reserved tract.

(7) *The Raidak Forest.*

North.—The Bhootan Frontier.

East.—The Raidak river.

South.—A small Ghora joining the Raidak river with the Nasirpark Nuddee.

West.—The Nasirpark Nuddee, the Chipra Nuddee, a demarcated line from the Chipra Nuddee, first in a north-eastern, then eastern, then northern, and then western direction to the Dhola Jhora, the Dhola Jhora and the Bhootan Frontier to the north boundary.

Estimated area 13,000 acres = 20 square miles.

(8) *The Dhampara Forest.*

North.—The Bhootan Frontier.

East.—The Sunkos river.

South.—A demarcated line running from the Sunkos, first in a western, then north-western and then again western direction to the Raidak river.

West.—The Raidak river.

Estimated area 6,800 acres = 11 square miles.

(9) *The Bholka Forest.*

North.—The Sunkos river.

East.—The Sunkos river, the Bharuldara Jhora, and the Jhorai Nuddee.

South.—A demarcated line running from the Jarai, first in a westerly and then north-westerly direction to the Kulkuli Nuddee.

West.—The Kulkuli Nuddee, a demarcated line from the Kulkuli in a north-easterly direction to the Gholan Nuddee, the Gholan Nuddee a demarcated line from it in a north-easterly direction to the Sunkos.

Estimated area 12,800 acres = 20 square miles.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

RESOLUTION.

The 14th September 1876.— It has accidentally come to the notice of His Honor the Lieutenant-Governor that Mr. H. W. Stevens, the Engineer of the Raj Durbhunga, has procured from England an assistant to aid him in preparing architectural designs.

2. The exact terms and circumstances under which the engagement was made are not known, nor yet whether the arrangement had the sanction of the Court of Wards; but it is understood that the engagement has been made for three years.

3. The Lieutenant-Governor does not consider that any authority short of Government should have the power of engaging persons out of India, and the more so as generally such engagements must of necessity involve a contract for a considerable length of time.

4. His Honor has accordingly been pleased to direct that in future no appointment is to be given, or engagement is to be made, with any person out of India, save on reference to, and under the orders of, Government; and that officers who make or authorize such appointment or engagement shall be held personally responsible for such act in all respects.

ORDER.—Ordered that a copy of this Resolution be forwarded to for information.

[*Government Gazette, 26th September* 1876.]

দক্ষিণ।—গদাধর নদহইতে পশ্চিমমুখে পারা নদী পর্য্যন্ত চিহ্ন দেওয়া রেখা।

পশ্চিম।—পারা নদী অবধি নিমতী ঘোরা পর্য্যন্ত চিহ্ন দেওয়া রেখা ও নিমতী ঘোরা ও প্রথমে পূর্ব্ব পরে দক্ষিণপূর্ব্ব পরে পূর্ব্ব পরে উত্তর মুখ হইয়া গর্ম্ম নদী পর্য্যন্ত চিহ্ন দেওয়া রেখা, পরে গর্ম্মনদী, ও অলাইকরি নদী পর্য্যন্ত চিহ্ন দেওয়া রেখা ও উত্তর সীমা পর্য্যন্ত অলাইকরি নদী।

ইহার আয়তন অনুমান ৯২,৪০০ একর অর্থাৎ ১৪৪ বর্গ মাইল।

মন্তব্য।—(১) রাঙ্গাভাত খাওয়ার পশ্চিম তালুক গারাপাড়ার বনমালী গ্রাম ও (২) রাঙ্গাভাত খাওয়ার পূর্ব্ব শুকর-পাড়িয়া ও (৩) তালুক পটালু নলোপাড়া এই তিন গ্রাম এই রক্ষিত খণ্ডের মধ্যে ধরা যায় নাই।

(৭) রায়ডাক বন।

উত্তর।—ভোট দেশের অঞ্চল।

পূর্ব্ব।—রায়ডাক নদ।

দক্ষিণ।—নসিরপার্ক নদীর সঙ্গে রায়ডাক নদের সংযোগকারি ছোট ঘোরা।

পশ্চিম।—নসীরপার্ক নদী ও চিপরা নদী ও চিপরা নদীহইতে প্রথমে উত্তরপূর্ব্ব, পরে পূর্ব্ব পরে উত্তর পরে পশ্চিমমুখ হইয়া ঢোলা ঝোরা পর্য্যন্ত চিহ্ন দেওয়া রেখা ও ঢোলা ঝোরা ও উত্তর সীমা পর্য্যন্ত ভোট দেশের অঞ্চল।

ইহার আয়তন অনুমান ১৩,০০০ একর অর্থাৎ ২০ বর্গ মাইল।

(৮) ধামপাড়া বন।

উত্তর।—ভোট দেশের অঞ্চল।

পূর্ব্ব।—সঙ্কোশ নদী।

দক্ষিণ।—সঙ্কোশ হইতে প্রথমে পশ্চিম পরে উত্তরপশ্চিম আবার পশ্চিমমুখ হইয়া রায়ডাক নদ পর্য্যন্ত চিহ্ন দেওয়া রেখা।

পশ্চিম।—রায়ডাক নদী।

ইহার আয়তন অনুমান ৬,৮০০ একর অর্থাৎ ১১ বর্গ মাইল।

(৯) ভোলকা বন।

উত্তর।—সঙ্কোশ নদী।

পূর্ব্ব।—সঙ্কোশ নদী ও ভারলদারা ঝোরা ও ঝোরাই নদী।

দক্ষিণ।—জরাইহইতে প্রথমে পশ্চিম পরে উত্তর পশ্চিম মুখে কলকলী নদীপর্য্যন্ত চিহ্ন দেওয়া রেখা।

পশ্চিম।—কলকলী নদী, ও কলকলী নদীহইতে উত্তরপূর্ব্ব মুখ হইয়া ঘোলাম নদী পর্য্যন্তচিহ্ন দেওয়া রেখা ও ঘোলান নদী ও তাহাহইতে উত্তর পূর্ব্ব দিগে সঙ্কোশ নদী পর্য্যন্ত চিহ্ন দেওয়া রেখা।

ইহার আয়তন ১২,৮০০ একর অর্থাৎ ২০ বর্গ মাইল।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

নির্দ্ধারণ।

১৮৭৬ সাল ১৪ সেপ্টেম্বর।—দারভঙ্গা রাজের ইঞ্জিনিয়র শ্রীযুত এচ, ডবলিউ, ষ্টিবেনস্ সাহেব স্থপতিকার্য্য সম্পর্কীয় নকশাদি প্রস্তুত করণের সাহায্যার্থে ইংলণ্ডহইতে একজন সহকারি কর্ম্মচারিকে আনাইয়া দেন হঠাৎ এই কথা মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের গোচর হইয়াছে।

২। ঠিক যে নিয়মে ও ভাবগতিকে ঐ নিয়োগ করা গিয়াছিল কিম্বা সেই নিয়মে কোর্ট ওয়ার্ডের অনুমতি ছিল কি না জানা যায় নাই। কিন্তু বোধ হইতেছে, যে তিন বৎসরের নিমিত্ত ঐ চুক্তি করা গেল।—

৩। গবর্ণমেণ্টের ন্যূন ক্ষমতাপন্ন অন্য কোন কর্ত্তৃপক্ষের যে ভারতবর্ষের বহির্ভূত কোন ব্যক্তির সহিত চুক্তি করিবার ক্ষমতা থাকা উচিত শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব এমত বিবেচনা করেন না। বিশেষতঃ এরূপ সকল নিয়োগে দীর্ঘকাল ব্যাপি চুক্তি অবশ্যম্ভাবি।

৪। অতএব ভবিষ্যতে গবর্ণমেণ্টে জিজ্ঞাসা করিয়া ও তাঁহার আজ্ঞা ভিন্ন ভারতবর্ষের বহির্ভূত কোন ব্যক্তিকে কোন কর্ম্ম দিতে বা তাঁহার সহিত কোন চুক্তি করিতে হইবে না ও যে কর্ত্তৃপক্ষ এরূপ নিয়োগ বা চুক্তি করেন বা করিবার ক্ষমতা দেন তাঁহাকে সর্ব্বতোভাবে এরূপ কার্য্যের নিমিত্তে দায়ী জ্ঞান করা যাইবে মান্যবর শ্রীযুতের এই আদেশ।

আজ্ঞা।—এই নির্দ্ধারণের একখানি প্রতিলিপি অমুকের জ্ঞানার্থে প্রেরণ করা যায় এই আজ্ঞা হইল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২৬ সেপ্টেম্বর।]

Ordered also that a copy of this Resolution be forwarded to the Revenue Department of this office for information, with a request that the necessary action may be taken in that department in respect to the Court of Wards.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 19th September 1876.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for public purposes, viz. for additional works at the Dinapore Railway Station in the villages of Buddlepore and Salimpore Chattrah, pergunnah Phoolwary, zillah Patna, it is hereby declared that for the above purpose three plots of land are required as follows:—

No. 1 plot—Measuring 3*r*. 2*p*., bounded on the north by the line of railway; on the south by the public road from the Dinapore Cantonment to Khugoul Bazar; on the west by the railway station land; and on the east by the level crossing road from the Dinapore Cantonment to Khugoul Bazar.

No. 2 plot—Measuring 2*r*. 4*p*., bounded on the south by the line of railway; on the north by the public road from the Dinapore Cantonment to Khugoul Bazar; on the west by the railway land; and on the east by the level crossing road from the Dinapore Cantonment to Khugoul Bazar.

No. 3 plot—Measuring 1*a*. 0*r*. 34*p*., bounded on the north and west by the village of Salimpore Chattrah; on the south by the line of railway; and on the east by the station ground, are required within the aforesaid villages of Buddlepore and Salimpore Chattrah.

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

DECLARATION.

The 19th September 1876.—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz. for constructing Gourgoriba distillery building and cutchery house, in the village of Baikantpore, adjoining to Rotna, pergunnah Makrine, zillah Maldah, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 2 beeghas 14 cottahs of standard measurement, bounded on the north by Nathu Chowdhury's Chena land and the house of Lochun Sabji farash; on the south by Jhutee Mandal's land; on the east by Kartik Sabji farashe's land, and on the west by a piece of cultivated land belonging to Bisseswar Jhah, is required within the aforesaid village of Baikantpore.

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 2140C.S.

The 9th September 1876.—Mr. G. A. Grierson, Officiating Joint-Magistrate and Deputy Collector, Rungpore, is vested with the powers to try summarily the offences mentioned in Section 222 of the Criminal Procedure Code.

Mr. F. R. S. Collier, Assistant Magistrate and Collector, in charge of the Kurigaon Sub-division, Rungpore, is vested with the powers of a Magistrate of the First Class.

The 10th September 1876.—The names of Moulvi Ramzan Ali and Moulvi Asuf Ali are removed from the list of Honorary Magistrates in the district of Purneah.

[*Government Gazette, 26th September* 1876.]

আরো আজ্ঞা হইল যে এই নির্দ্ধারণের একখানি প্রতিলিপি এই আফিসের রেবিনিউ বিভাগের জ্ঞানার্থে প্রেরণ করা যায় ও কোর্ট ওয়ার্ডস সম্পর্কে যাহা কর্ত্তব্য তাহা উক্ত বিভাগে করা যায়।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৯ সেপ্টেম্বর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ দানাপুরের ষ্টেশনে অতিরিক্ত কর্ম্মের নিমিত্তে পাটনা জিলার অন্তর্গত ফুলবাড়ি পরগনার বদ্দলপুর ও সালিমপুর চাতরাগ্রামে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত বদ্দলপুর ও সালিমপুর চাতরাগ্রামে নিম্নলিখিত তিনখণ্ড ভূমির প্রয়োজন।

১ নং খণ্ড।—৩ রুড ২ পোল পরিমিত। তাহার উত্তর সীমা রেলওয়ে লাইন, দক্ষিণ সীমা দানাপুরের সেনা নিবেশ স্থান অবধি খগোল বাজার পর্য্যন্ত রাজপথ, পশ্চিম সীমা রেলওয়ে ষ্টেশনের ভূমি, ও পূর্ব্ব সীমা দানাপুরের সেনা নিবেশ স্থান অবধি খগোল বাজার পর্য্যন্ত রেলপথ পার হইবার সমান পথ।

২ নং খণ্ড।—২ রুড ৪ পোল পরিমিত। তাহার দক্ষিণ সীমা রেলওয়ে লাইন, উত্তর সীমা দানাপুরের সেনা নিবেশ স্থান অবধি খগোল বাজার পর্য্যন্ত রাজ পথ, পশ্চিম সীমা রেলওয়ের ভূমি, ও পূর্ব্ব সীমা দানাপুরের সেনানিবেশ স্থান অবধি খগোল বাজার পর্য্যন্ত রেলপথ পার হইবার সমান পথ।

৩ নং খণ্ড।—১ একর ০ রুড ৩৪ পোল পরিমিত। তাহার উত্তর ও পশ্চিম সীমা সালিমপুর চাতরা গ্রাম, দক্ষিণ সীমা রেলওয়ে লাইন, ও পূর্ব্ব সীমা ষ্টেশনের ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৯ সেপ্টেম্বর।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ গৌর গরিবার ভাটিখানা ও কাছারীঘর প্রস্তুত করিবার নিমিত্তে মালদহ জিলার অন্তর্গত মক্রাইন পরগনার রোতনার লাগাও বৈকুণ্ঠপুর গ্রামে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত বৈকুণ্ঠপুর গ্রামে কষ্টিমতে ন্যূনাধিক ২॥৪ কাঠা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা নাথু চৌধুরীর চেনা ভূমি ও লোচন সবজী ফরাসের বাটী, দক্ষিণ সীমা ঝাতি মণ্ডলের ভূমি, পূর্ব্ব সীমা কার্ত্তিক সবজী ফরাসের ভূমি, ও পশ্চিম সীমা বিশ্বেশ্বর ঝার এক খণ্ড কর্ষিত ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

২১৪০C.S. নম্বর।

১৮৭৬ সাল ৯ সেপ্টেম্বর।—রঙ্গপুরের একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জি, এ, গ্রিয়ারসন সাহেব দেওয়ানি কার্য্য বিধির আইনের ২২২ ধারার উল্লিখিত সমস্ত অপরাধের সরাসরীমতে বিচার করিবার ক্ষমতা প্রাপ্ত হইলেন।

রঙ্গপুর জিলার অন্তর্গত কুড়িগ্রাম মহকুমার কার্য্যভারপ্রাপ্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এফ, আর, এস, কলিয়ার সাহেব প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

১৮৭৬ সাল ১০ সেপ্টেম্বর।—পূরণিয়া জিলার অবৈতনিক মাজিষ্ট্রেটদের নাম নির্ঘণ্ট হইতে শ্রীযুত মৌলবী রোমজান আলি ও শ্রীযুত মৌলবী আসফ আলীর নাম উঠাইয়া দেওয়া গেল।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২৬ সেপ্টেম্বর।]

The following gentlemen are appointed to be Honorary Magistrates in the district of Purneah, and are vested with the powers of a Magistrate of the Third Class, viz.—

Baboo Rutti Ram, Banker.
" Kunj Lal, "
" Rakhal Chand, Zemindar's Agent.

The 11th September 1876.—The following gentlemen are appointed to be Honorary Magistrates in the district of Moorshedabad, and are vested with the powers of a Magistrate of the Third Class, viz :—

Mr. G. Bellett, Principal of the Berhampore College.
" F. H. Wicks, Executive Engineer, Moorshedabad.
Baboo Gopal Chunder Mookerjee, Pleader.
" Shoshi Bhusun Mookerjee, "
" Mohendro Nath Mookerjee, "
" Chunder Coomar Roy, "
" Shama Dass Roy, Zemindar.
" Ramgoti Nayaratana, } Employés of the Education Department.
" Hari Dass Ghosh, } Employés of the Education Department.
" Nilmony Gangooli, } Employés of the Education Department.
" Ambica Churn Mookerjee, } Employés of the Education Department.
" Janokinath Paure, } Employés of the Education Department.
" Motilall Moitra, Deputy Inspector of Schools.

The 13th September 1876.—Baboo Moti Lall Sircar, Moonsif of Nassirnuggur, is transferred to Meherpore, in the district of Nuddea.

Baboo Ram Chunder Dhur, Moonsif of Meherpore, is transferred to Nassirnuggur, in the district of Tipperah.

The 14th September 1876.—Baboo Rashamoy Dutt, Sub-Deputy Collector of Noakholly, is vested with the powers of a Magistrate of the Third Class.

The 15th September 1876.—Mr. D. Norton, Assistant Magistrate and Collector, Midnapore, is vested with the powers of a Magistrate of the First Class, with effect from the date of his passing completely by the higher standard of departmental examination.

Baboo Nobin Chunder Pal, Officiating Subordinate Judge of Chittagong, is allowed leave for three months, in extension of the leave granted to him under the orders of 29th July last, under Section 3, Supplement F of the Civil Leave Code.

Baboo Gooroo Prosad Sen, Subordinate Judge of Nuddea, is allowed four months' leave, in extension of the leave granted to him under Government orders of the 21st March 1876.

The 18th September 1876.—The name of Baboo Barodaprosunno Chuckerbutty is removed from the list of Honorary Magistrates of the Backergunge district.

The following gentlemen are appointed to be Honorary Magistrates in the district of Mozufferpore, and are vested with the powers of a Magistrate of the Third Class, viz :—

Moulvi Abdool Hye, Secretary to the Municipality.
" Syed Mahomed, Officiating Sub-Registrar.

Baboo Shumboo Chunder Dey, B.L., Second Moonsif of Moonsheegunge, is vested with the jurisdiction of a Judge of a Court of Small Causes under Section 29, Act VI of 1871, for the trial of suits cognizable by such courts up to Rs. 25.

LEAVE OF ABSENCE TO OONSIFS.—*The 15th September* 1876.—Baboo Saroda Prosad Chatterjee, Mooonsif of Rampore Haut, in the district of Moorshedabad, is allowed privilege leave of absence for twenty-five days, with effect from the 18th September 1876, under Section 21, Chapter VI of the Civil Leave Code.

Baboo Romesh Chandra Lahiree, B.L., Moonsif of Moolfutgunge, in the district of Furreedpore, is allowed privilege leave of absence for two months and a half, with effect from the 18th September 1876, under Section 21, Chapter VI of the Civil Leave Code.

[*Government Gazette, 26th September* 1876.]

নিম্নলিখিত মহাশয়েরা পূরণিয়া জিলায় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

বণিক শ্রীযুত রতিরাম বাবু।

" কুঞ্জলাল "

জমীদারের এজেণ্ট শ্রীযুত রাখালচাঁদ বাবু।

১৮৭৬ সাল ১১ সেপ্টেম্বর।—নিম্নলিখিত মহাশয়েরা মুরসিদাবাদ জিলায় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

বহরমপুর কালেজের অধ্যক্ষ শ্রীযুত জি, বেলেট সাহেব।

মুরসিদাবাদের একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত এফ, এচ, উইকস সাহেব।

উকীল শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায়।

" " শশিভূষণ মুখোপাধ্যায়।

" " মহেন্দ্রনাথ মুখোপাধ্যায়।

" " চন্দ্রকুমার রায়।

জমীদার " শ্যামাদাস রায়।

শিক্ষাবিভাগের কর্ম্মচারী।
- শ্রীযুত বাবু রামগতি ন্যায়রত্ন।
- " " হরিদাস ঘোষ।
- " " নীলমণি গঙ্গোপাধ্যায়।
- " " অম্বিকাচরণ মুখোপাধ্যায়।
- " " জানকীনাথ পাঁড়ে।

স্কুল সমূহের ডেপুটী ইনস্পেক্টর শ্রীযুত বাবু মতিলাল মৈত্র।

১৮৭৬ সাল ১৩ সেপ্টেম্বর।—নাসিরনগরের মুনসেফ শ্রীযুত বাবু মতিলাল সরকার নদীয়া জিলার অন্তর্গত মেহেরপুরে প্রেরিত হইলেন।

মেহেরপুরের মুনসেফ শ্রীযুত বাবু রামচন্দ্র ধর ত্রিপুরা জিলার অন্তর্গত নাসিরনগরে প্রেরিত হইলেন।

১৮৭৬ সাল ১৪ সেপ্টেম্বর।—নওয়াখালীর সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রসময় দত্ত তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাপ্রাপ্ত হইলেন।

১৮৭৬ সাল ১৫ সেপ্টেম্বর।—মেদিনীপুরের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত ডি, নর্টন সাহেব যে তারিখে কার্য্য বিভাগ সম্পর্কীয় পরীক্ষায় উচ্চতর কষ্টিমতে সম্পূর্ণরূপে উত্তীর্ণ হন তদবধি প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

চট্টগ্রামের একটিং সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু নবীনচন্দ্র পাল গত জুলাই মাসের ২৯ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ৩ মাস ছুটী পাইয়াছেন।

নদীয়ার সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু গুরুপ্রসাদ সেন গবর্ণমেণ্টের ১৮৭৬ সালের মার্চ মাসের ২১ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তদতিরিক্ত চারি মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ১৮ সেপ্টেম্বর।—বাকরগঞ্জ জিলার অবৈতনিক মাজিষ্ট্রেটদের নাম নির্ঘণ্ট হইতে শ্রীযুত বাবু বরদাপ্রসন্ন চক্রবর্ত্তীর নাম উঠাইয়া দেওয়া গেল।

নিম্নলিখিত মহাশয়েরা মজঃফরপুর জিলায় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

মুনিসিপালিটীর সেক্রেটরী শ্রীযুত মৌলবী আবদুল হায়।

একটিং সব-রেজিষ্ট্রার " " সৈয়দ মহম্মদ।

মুনশীগঞ্জের দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু শম্ভুচন্দ্র দে, বি, এল, ১৮৭১ সালের ৬ আইনের ২৯ ধারামতে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য ২৫ টাকা পর্য্যন্ত মূল্যের মোকদ্দমার বিচার করণার্থে ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

মুনসেফদের ছুটীর কথা।—১৮৭৬ সাল ১৫ সেপ্টেম্বর।—মুরসিদাবাদ জিলার অন্তর্গত রামপুরহাটের মুনসেফ শ্রীযুত বাবু সারদাপ্রসাদ চট্টোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে ১৮৭৬ সালের সেপ্টেম্বর মাসের ১৮ তারিখ অবধি পঁচিশ দিন অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

ফরীদপুর জিলার অন্তর্গত মুলফতগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু রমেশচন্দ্র লাহিড়ী বি, এল, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে ১৮৭৬ সালের সেপ্টেম্বর মাসের ১৮ তারিখ অবধি আড়াই মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২৬ সেপ্টেম্বর।]

The 16th September 1876.—Baboo Gobind Chunder Ghose, M.A. and B.L., Additional Moonsif in the district of Hooghly, is allowed privilege leave of absence for fifteen days, with effect from the 30th August 1876, under Section 21, Chapter VI of the Civil Leave Code.

The 19th September 1876.—Baboo Chandra Kumar Rai, B.L., Moonsif of Futtickcherry, in the district of Chittagong, is allowed privilege leave of absence for three months, with effect from the 1st October 1876, or from any subsequent date, under Section 21, Chapter VI of the Civil Leave Code.

Baboo Chuckra Dhur Pershaud, Moonsif of Arrareah, in the district of Purneah, is allowed privilege leave of absence for one month and four days, with effect from the 19th September 1876, under Section 21, Chapter VI of the Civil Leave Code.

Moulvi Mohamed Ameer Ally Khan, Moonsif of Purneah, is allowed privilege leave of absence for the ensuing Dusserah vacation, under Section 21, Chapter VI of the Civil Leave Code.

Baboo Mohesh Chunder Chuckerbutty, Additional Moonsif in the district of Rungpore, is allowed leave of absence for three months, under Section 3, Supplement F of the Civil Leave Code, in extension of that granted to him on the 15th June 1876.

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

ERRATUM.

The 13th September 1876.—In the notification dated the 22nd August 1876, published at pages 1108, 1126, and 1150 of the *Calcutta Gazette* of the 30th August, 6th September, and 13th September respectively, sanctioning the appointment of Baboo Romesh Chandra Mookerjee to be Sub-Registrar of Soorool, *for* "from Kocha to Bulpur," *read* "from Kusba to Bulpur."

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 12th September 1876.—The Hon'ble the Lieutenant-Governor of Bengal is pleased to declare that the boundary between the Chittagong Hill Tracts and the Lushai country shall be as described in the following memorandum :—

Memorandum describing the boundary between the Chittagong Hill Tracts and the Lushai country.

This line of boundary commences at the hill station marked S* south of Betling Sib, on the Jampoi range of hills forming the Hill Tipperah eastern frontier; it then runs along the whole course of the Tulenpui or Sujjuk river to its junction with the Kurnafuli river a little north of Demagiri; thence it continues eastwards along this stream up to the junction of the Tui Chong river, after which it follows the whole course of this river to a point immediately to the south-east of the hill station of the Oheephoom No. 5; then, turning westwards, crosses the Oheephoom range of hills and joins the Thega Khall at a point midway between the hill stations of Saichal, Nos. 2 and 3, after which it follows the course of the Thega Khall river to its source; then again turns south-westwards, and follows the watershed of the Weybong range of hills until it meets the southern hill station of Keokradong, on the south-eastern boundary of the Chittagong Hill Tracts, following the watershed until it meets the frontier of that portion of the Arracan Hill Tracts in which order and regularity are maintained.

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 15th September 1876.—It is hereby notified for general information that, under Section 3 of the Sonthal Pergunnahs Settlement Regulation, 1872, the Lieutenant-Governor

---

* *Vide* map of a portion of the eastern frontier of Bengal published in the Supplement to the *Gazette of India* of the 22nd November 1873.

১৮৭৬ সাল ১৬ সেপ্টেম্বর।—হুগলী জিলার অতিরিক্ত মুনসেফ শ্রীযুত বাবু গোবিন্দচন্দ্র ঘোষ, এম, এ, ও বি, এল, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে ১৮৭৬ সালের আগষ্ট মাসের ৩০ তারিখ অবধি পনের দিন অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ১৯ সেপ্টেম্বর।—চট্টগ্রাম জিলার অন্তর্গত ফটিকচেরির মুনসেফ শ্রীযুত বাবু চন্দ্রকুমার রায়, বি, এল, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে ১৮৭৬ সালের অক্টোবর মাসের ১ তারিখ অবধি অথবা তাহার পর কোন তারিখ অবধি তিন মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

পূরণিয়া জিলার অন্তর্গত অররিয়ার মুনসেফ শ্রীযুত বাবু চক্রধর প্রসাদ সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে ১৮৭৬ সালের সেপ্টেম্বর মাসের ১৯ তারিখ অবধি এক মাস চারি দিন অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

পূরণিয়ার মুনসেফ শ্রীযুত মৌলবী মহম্মদ আমীর আলি খাঁ সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে আগামি দুর্গোৎসবের বন্দে অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

রঙ্গপুর জিলার অতিরিক্ত মুনসেফ শ্রীযুত বাবু মহেশচন্দ্র চক্রবর্ত্তী ১৮৭৬ সালের জুন মাসের ১৫ তারিখে যে ছুটী পান তদতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

আর, এল, মাঙ্গেলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

অশুদ্ধশোধন।

১৮৭৬ সাল ১৩ সেপ্টেম্বর।—শ্রীযুত বাবু রমেশ চন্দ্র মুখোপাধ্যায়ের স্কুলের সব-রেজিষ্ট্রারের পদে নিয়োগের অনুমতিসূচক ১৮৭৬ সালের আগষ্ট মাসের ২২ তারিখের যে জ্ঞাপনপত্র সেপ্টেম্বর মাসের ৫ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের ৮৮৯ পৃষ্ঠায় প্রকাশ করা যায় তাহাতে কাচাহইতে বলপুরে এই কথার পরিবর্ত্তে কসবা হইতে বলপুরে এই কথা পাঠ করিতে হইবে।

আর, এল, মাঙ্গেলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১২ সেপ্টেম্বর।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের ও লুসাই প্রদেশের মধ্যগত সীমা নিম্নলিখিত মর্ম্মাত্মক পত্রের নির্দ্দিষ্টমত হইবে বলিয়া প্রকাশ করিলেন।

চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের ও লুসাই প্রদেশের মধ্যগত সীমা নির্দ্দেশক মর্ম্মাত্মকপত্র।

এই সীমা পর্ব্বতীয় ত্রিপুরা প্রদেশের পূর্ব্বাঞ্চল জাঁপাই পর্ব্বত শ্রেণীর বেটলীং শিবের দক্ষিণ S* চিহ্নিত পর্ব্বতীয় স্থানে আরম্ভ হইয়া দেমাগিরির কিঞ্চিৎ উত্তর কর্ণফুলী নদীর সহিত তুলেনপুই বা সজ্জক নদীর সঙ্গমস্থান পর্য্যন্ত বরাবর ঐ নদীর সঙ্গে২ যায়, পরে পূর্ব্বমুখে এই নদীর সঙ্গে তুইচঙ্গ নদীর সঙ্গমস্থান পর্য্যন্ত, পরে ৫ নম্বর অহিফুম নামক পর্ব্বতীয় স্থানের ঠিক দক্ষিণ পূর্ব্বে কোন স্থান পর্য্যন্ত এই নদীর সঙ্গে২ বরাবর গিয়া পশ্চিমমুখ হইয়া অহিফুম পর্ব্বত শ্রেণী ভেদ করতঃ ২ ও ৩ নম্বর সৈচল পর্ব্বতীয় মোকামের মধ্যগত স্থানে টেগা খালের সহিত মিলে, পরে টেগাখালের উৎপত্তির স্থান পর্য্যন্ত বরাবর ঐ খালের সঙ্গে২ যায়, পরে পুনর্ব্বার দক্ষিণ পশ্চিম মুখ হইয়া, ওয়েরং নামক পর্ব্বত শ্রেণীর জল ঝরণাস্থান ধরিয়া, চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের দক্ষিণ পশ্চিম সীমা স্থিত কেও করাডং নামক পর্ব্বতীয় মোকামের সহিত মিলে ও পর্ব্বত শ্রেণীর জলাক্ষেপি ভূমির সঙ্গে২ যাইয়া আরাকাণের পর্ব্বতীয় প্রদেশের যে খণ্ডে লোকদের শান্তি ও সুনিয়ম রক্ষা করা যায় তাহার অঞ্চল পর্য্যন্ত যায়।

আল, এল, মাঙ্গেলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৫ সেপ্টেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব সাঁওতাল পরগনার বন্দবস্ত বিষয়ক ১৮৭২ সালের আইনের ৩ ধারামতে এই আজ্ঞা করিলেন। বঙ্গীয় মুনিসিপল বিষয়ক ১৮৭৬

* ১৮৭৩ সালের নবেম্বর মাসের ২২ তারিখের গেজেট অব ইণ্ডিয়ার পরিশিষ্টে প্রকাশিত বঙ্গদেশের পূর্ব্বাঞ্চলের অতন্যম ভাগের ম্যাপ দেখ।

is pleased to direct that the Bengal Municipal Act, V (B.C.) of 1876, shall have force and effect in the Sonthal Pergunnahs, and shall come into operation on the 1st of October 1876.

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 15*th September* 1876.—It is hereby notified for general information that, under Section 356 of the Bengal Municipal Act, V (B.C.) of 1876, Chapter IV, the Lieutenant-Governor has been pleased to approve of the following revised rule prepared by the Municipal Commissioners for the station of Sahebgunge, in the district of the Sonthal Pergunnahs, under Section 357 of the said Act, V (B.C.) of 1876. It shall be substituted for Rule 6 of the rules promulgated under Government Notification dated the 21st September 1875, published at page 1185 of Part I of the *Calcutta Gazette* of the 22nd idem :—

6. The following taxes shall be levied within the town of Sahebgunge :—

(1) Upon the houses and lands—at a rate not exceeding 3½ per centage of their annual value.

(2) Upon the coal stored—at 1½ annas per ton per mensem.

(3) Upon stone, ballast stone, and other building materials stored, not being lime or brick-kilns—at one anna per ton per mensem.

(4) Upon brick-kilns—at Rs. 5 per lakh of bricks.

(5) Upon lime-kilns—at two annas per 100 cubic feet.

(6) Upon cattle and conveyances kept or used within the municipality—

Eight annas per month for a horse.
Four annas for a tattoo or pony (for the year 1876-77 only, the Committee will levy tax at the rate of 2 annas).
Two annas for donkey or pack-bullock.
One rupee for a wheeled carriage with springs.
Two annas per month for a cart or carriage without springs.

(7) Upon all buildings and workshops not being habitations—at a rate not exceeding one anna per month per 100 square feet.

(8) Upon golas and buildings used for the purpose of storing grain and other merchandise imported, and for exportation by wholesale dealers and traders—half an anna per month per 100 square feet.

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 16*th September* 1876.—Under Section 234 of the Bengal Municipal Act V (B.C.) of 1876, it is hereby notified that the Lieutenant-Governor has been pleased, on the recommendation of the Commissioners of the Municipality of Durbhunga at a meeting, to extend to that Municipality all the provisions of Part VII of Chapter II of the said Act V (B.C.) of 1876.

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 18*th September* 1876.—Under Section 234 of the Bengal Municipal Act V (B.C.) of 1876, it is hereby notified that the Lieutenant-Governor has been pleased, in compliance with the recommendation of the Commissioners of the Municipality of Monghyr at a meeting, to extend to that Municipality all the provisions of Part VII, Chapter II of the said Act V (B.C.) of 1876.

Under Section 299 of the Act, the Lieutenant-Governor has been also pleased to extend to the said Municipality of Monghyr the provisions of Part IX, Chapter II of the Act.

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

সালের বঙ্গীয় ৫ আইন ১৮৭৬ সালের অক্টোবর মাসের ১ তারিখ অবধি সাঁওতাল পরগনায় প্রচলিত হইবে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল।

আর, এল, মাঙ্গেল্‌স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৫ সেপ্টেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব বঙ্গদেশের মুনিসিপালিটী বিষয়ক ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ৪ অধ্যায়ের ৩৫৬ ধারামতে সাঁওতাল পরগনা জিলার অন্তর্গত সাহেবগঞ্জ মোকামের মুনিসিপল কমিশ্যনরেরা নিম্নলিখিত যে সংশোধিত বিধি প্রণয়ন করেন তাহা উক্ত আইনের ৩৫৭ ধারামতে অনুমোদন করিলেন সাধারণের জ্ঞানার্থে এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল। ১৮৭৫ সালের সেপ্টেম্বর মাসের ২১ তারিখের গবর্ণমেণ্ট জ্ঞাপনপত্রক্রমে যে বিধি প্রচারিত হইয়া ঐ মাসের ২৮ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটের দ্বিতীয় খণ্ডের ১১২০ পৃষ্ঠায় প্রকাশ করা যায় তাহার ৬ বিধির পরিবর্ত্তে উক্ত বিধি দিতে হইবে।

সাহেবগঞ্জ নগরের মধ্যে এই২ টাক্স আদায় হইবে,—

(১) ঘরের ও ভূমির উপর, সেই ঘরের কি ভূমির বার্ষিক মূল্যের শত টাকা প্রতি ৩।।০ টাকার অনধিক হারে।

(২) গোলাজাৎ কয়লার উপর, মাসে টন প্রতি ৴১০ ছয় পয়সার হিসাবে।

(৩) পাথরের ও নিলমের ও চূণ কি ইটের পাঁজাভিন্ন গোলাজাত অন্য কোন গাঁথনির দ্রব্যের উপর টনপ্রতি মাসে ৴০ এক আনা।

(৪) ইটের পাঁজার উপর, একলক্ষ ইটের ৫৲ টাকা হিসাবে।

(৫) চূণের পাঁজার উপর শত ঘন ফুটপ্রতি ৵০ আনা।

(৬) মুনিসিপালিটীর মধ্যে যে পশু কি গাড়িপ্রভৃতি রাখা কি ব্যবহার করা যায় তাহার উপর ৵০ আনা।

ঘোড়া প্রতি মাসে ।।০ আট আনা।

টাটুপ্রতি চারি আনা। (কেবল ১৮৭৬। ৭৭ সালে কমিটি ৵০ হারে টাক্স আদায় করিবেন।)

গর্দ্দভ বা বলদ প্রতি ৵০ আনা।

স্প্রিং ও চাকাযুক্ত গাড়ি প্রতি এক টাকা।

গোরুর গাড়ি বা স্প্রিংশূন্য গাড়ির প্রতি মাসে ৵০ আনা।

(৭) মানুষের বাস করিবার ঘর ছাড়া অন্য ঘরের ও কারখানার চতুরস্র ১০০ ফুট প্রতি মাসে ৴০ এক আনার অনধিকের হিসাবে।

(৮) শস্যপ্রভৃতি যে বণিক দ্রব্য আমাদানী হয়, ও মোটে ব্যবসায়িরা ও বাণিজ্যকরেরা রফ্তানী করিবার নিমিত্ত যে গোলা ও ঘরে এই২ গোলাজাত করিয়া রাখে, সেই২ গোলার ও ঘরের চতুরস্র ১০০ ফুটপ্রতি মাসে দুই পয়সা।

আর, এল, মাঙ্গেলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৬ সেপ্টেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরণর সাহেব দ্বারভাঙ্গার মুনিসিপালীটীর সভাগত কমিশ্যনরদের পরামর্শক্রমে বঙ্গীয় মুনিসিপল বিষয়ক ১৮৭৬ সালের ৫ আইনের ২৩৪ ধারার বিধানমতে উক্ত আইনের দ্বিতীয় অধ্যায়ের ৭ পরিচ্ছেদের লিখিত সমস্ত বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিলেন।

আর, এল, মাঙ্গেলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৮ সেপ্টেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরণর সাহেব মুঙ্গেরের মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের পরামর্শক্রমে বঙ্গীয় মুনিসিপল বিষয়ক ১৮৭৬ সালের ৫ আইনের ২৩৪ ধারার বিধানমতে উক্ত আইনের দ্বিতীয় অধ্যায়ের ৭ পরিচ্ছেদের লিখিত সমস্ত বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিলেন।

উক্ত আইনের ২৯৯ ধারামতে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব আরো উক্ত আইনের দ্বিতীয় অধ্যায়ের ৯ পরিচ্ছেদের লিখিত বিধান উক্ত মুঙ্গের মুনিসিপালিটীতে প্রচলিত করিলেন।

আর, এল, মাঙ্গেলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

NOTIFICATION.

The 18*th September* 1876.—Under Section 234 of the Bengal Municipal Act, V (B.C.) of 1876, it is hereby notified that the Lieutenant-Governor has been pleased, in compliance with the recommendation of the Commissioners of the Municipality of the Suburbs of Calcutta at a meeting, to extend to that Municipality the provisions of Part VII, Chapter II of the said Act, with the exception of Sections 238, 239, 257, 258, 259, and 260.

Similarly, under Section 299 of the Act, the Lieutenant-Governor is also pleased to extend to the said Municipality of the Suburbs of Calcutta the provisions of Part IX, Chapter II of the Act.

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 18*th September* 1876.—Under Section 234 of the Bengal Municipal Act V (B.C.) of 1876, it is hereby notified that, in compliance with the recommendation of the Commissioners of the Municipality of Buxar, in the district of Shahabad, at a meeting, the Lieutenant-Governor has been pleased to extend to that Municipality the provisions of the Sections 235 to 250, Sections 261 to 263, and Sections 271 to 294 of Part VII, Chapter II of the said Act V (B.C.) of 1876.

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 12*th September* 1876.—The man described in the annexed roll having been proved to be implicated in certain cases in which fraudulent claims to money in deposit in the Mymensingh Collectorate were advanced by means of false and fraudulent applications to the Court for certificates under Act XXVII of 1860, has been dismissed from office, and is hereby declared disqualified for future employment under Government in any capacity.

Name.	Father's name.	Caste.	Residence.	Age.	Height.		Personal marks of identification.
					Ft.	In.	
Tarakanath Ghose	Jugul Kishore Ghose.	Kayasth ...	Village Oolpore, pergunnah Shahapore, zillah Furreedpore.	35	5	3	A black spot between the eyebrows and another just below the tip of the nose.

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 19*th September* 1876.—The following bye-laws, framed by the Municipal Commissioners of Dacca at a meeting under Section 313, Act V of 1876, having been confirmed by the Lieutenant-Governor under Section 341 thereof, are hereby published for general information.

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

BYE-LAWS.

For regulating the time and mode of collecting the taxes.

1. Every officer authorized to grant receipts shall be provided with a certificate of his authority to collect, and every such certificate shall bear the seal of the Municipality and the signature of the Chairman. Every collecting officer at the time of demanding payment shall be bound to show this certificate if required.

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৮ সেপ্টেম্বর।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবরণর সাহেব কলিকাতার শাখানগরের মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের পরামর্শক্রমে বঙ্গীয় মুনিসিপল বিষয়ক ১৮৭৬ সালের ৫ আইনের ২৩৪ ধারার বিধানমতে উক্ত আইনের ২৩৮ ও ২৩৯ ও ২৫৭ ও ২৫৮ ও ২৫৯ ও ২৬০ ধারা ভিন্ন দ্বিতীয় অধ্যায়ের ৭ পরিচ্ছেদের লিখিত সমস্ত বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিলেন।

উক্ত আইনের ২৯৯ ধারামতে শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্ণর সাহেব আরো উক্ত আইনের দ্বিতীয় অধ্যায়ের ৯ পরিচ্ছেদের লিখিত বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিলেন।

আর, এল, মাঙ্গেল্‌স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৮ সেপ্টেম্বর।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব শাহাবাদ জিলার অন্তর্গত বকসার মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের পরামর্শক্রমে বঙ্গীয় মুনিসিপল বিষয়ক ১৮৭৬ সালের ৫ আইনের ২৩৪ ধারার বিধানমতে উক্ত আইনের দ্বিতীয় অধ্যায়ের ৭ পরিচ্ছেদের ২৩৫ অবধি ২৫০ পর্য্যন্ত ও ২৬১ অবধি ২৬৩ পর্য্যন্ত ও ২৭১ অবধি ২৯৪ পর্য্যন্ত ধারার বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিলেন।

আর, এল, মাঙ্গেল্‌স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১২ সেপ্টেম্বর।—১৮৬০ সালের ২৭ আইনমত সর্টিফিকট পাইবার নিমিত্তে আদালতে মিথ্যা ও প্রতারনাভাবযুক্ত প্রার্থনাপত্রের দ্বারা ময়মনসিংহ কালেক্টরীতে গচ্ছিত টাকা পাইবার যে মিথ্যা দাওয়া করা যায় যে ব্যক্তির বিবরণ নিম্নলিখিত বর্ণনাপত্রে লেখা গেল সে তাহাতে লিপ্ত ছিল প্রমাণ হওয়াতে কর্ম্মচ্যুত হইয়াছে ও আর কখন গবর্ণমেণ্টের কর্ম্ম পাইবে না বলিয়া এতদ্দ্বারা প্রকাশ করা গেল।

বর্ণনাপত্র।

নাম	পিতার নাম	জাতি	নিবাস স্থান	বয়স	উচ্চতা	চিনিতে পারিবার নিমিত্তে শরীরের চিহ্ন।
					ফুট ইঞ্চি	
তারকনাথ ঘোষ ...	যুগলকিশোর ঘোষ	কায়স্থ	ফরীদপুর জিলার অন্তর্গত শাহাপুর পরগনার উলপুর গ্রাম	৩৫	৫ ৩	কাল বর্ণ।

আর, এল, মাঙ্গেল্‌স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৯ সেপ্টেম্বর।—ঢাকার মুনিশিপল কমিশ্যনরেরা সভাগত হইয়া ১৮৭৬ সালের ৫ আইনের ৩১৩ ধারামতে নিম্নলিখিত বিধি প্রণয়ণ করিলে ঐ আইনের ৩৪১ ধারাক্রমে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কর্তৃক অনুমোদিত হইয়া তাহা সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা যাইতেছে।

আর, এল, মাঙ্গেলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

উপবিধি।

টাকস আদায় করিবার সময়ের ও নিয়মের বিধান।

১। যে কার্য্যকারক রসীদ দিতে ক্ষমতাপন্ন হন তাঁহাকে টাকস আদায় করিবার ক্ষমতা সূচক সর্টিফিকট দেওয়া যাইবে। উক্ত প্রত্যেক সটিফিকটে মুনিসিপালিটীর মোহর দেওয়া যাইবে, ও সভাপতির স্বাক্ষর থাকিবে। টাকস আদায়কারি কার্য্যকারক টাকা চাহিলে তাঁহার প্রতি ঐ সর্টিফিকট দেখাইবার আদেশ হইলেই দেখাইতেই হইবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২৬ সেপ্টেম্বর।]

2. Every person required in writing to furnish any schedule or return which the Commissioners may lawfully require him to furnish, shall send such schedule or return to the office of the Commissioners within one week from the date of the service of the requisition, in the manner described in section 367 of the Act. Any person failing to do so shall be liable to a penalty not exceeding Rs. 5 for the omission, and to a penalty not exceeding Rs. 2 for every day the omission shall after warning continue. Any person submitting a false or incorrect schedule or return shall be liable to a penalty of Rs. 20, provided that nothing in this bye-law shall be held to prevent the institution of a criminal prosecution under the Penal Code should the facts appear to warrant such a proceeding.

3. Payment of purchase money for property sold, and delivery of the property, shall be made immediately after the sale; and if the purchaser fail to pay the full amount of his bid, it shall be lawful for the distraining officer, at his discretion, to sell the property again on the same or any other day, and the first purchaser shall, in such case, be responsible to the Commissioners for any loss which shall be recoverable as a debt due to them.

For regulating the conduct of persons employed by the Commissioners.

4. All persons employed by the Commissioners, whose services may be no longer required, shall be liable to discharge after receipt of previous notice, or pay in advance, for the period of one month, and no such person shall withdraw from the duties of his office without having given previous notice for the period of one month, on pain of forfeiture of one month's salary.

5. All persons now holding, or who may hereafter be appointed to, any office under the Commissioners shall, when required so to do, furnish good security to such amount as the Commissioners may from time to time fix; and any person failing to furnish such security within reasonable time, or within such time as the Commissioners may appoint, shall be held to have thereby forfeited his appointment, and may be removed from office.

For regulating the disposal of offensive matter, rubbish, and dead bodies of animals.

6. Every person within whose premises any animal may die shall within four hours after its death, or, if death occurs at night, within two hours after day-light, either remove at his own expense the carcass to such place as may be set apart by the Commissioners for the reception of such carcass, or report its death to the conservancy overseer of the division within which such premises may be situated; and in such latter case shall pay to the said overseer the expense of removing the carcass at such rate as the Commissioners may determine; and in cases where the said person is not the owner of the aminal, and the owner is known, the owner shall alone be responsible for the payment of such expense, and such expense shall be recoverable as a debt due to the Commissioners. No overseer, when called upon, shall neglect to remove a carcass.

Penalty for infringement, Rs. 10.

7. No person shall deposit, or cause to be deposited, any carcass, or any part of a carcass, in any place other than such places as may from time to time be appointed by the Commissioners for the reception of such carcass.

Penalty for infringement, Rs. 10.

For the regulation and management of privies.

8. Every owner or occupier of any house, land, or premises, from which offensive matter is not removed by the said owner or occupier, shall give free access to the servants of the Municipality to his house, land, or premises, for the removal of any night-soil or filth, within such hours as may have been fixed on by the Municipal Commissioners.

Penalty for infringement, Rs. 5.

9. Every person shall construct his privy above ground, and shall provide his privy or premises with a suitable movable receptacle of metal or earthenware.

Penalty for infringement after notice, Rs. 20.

10. On receipt of a notice from the Municipal Commissioners, every owner or occupier of any house, land, or premises, in or on which any well—privy, or other noxious or improperly constructed privy may be situated, shall fill up, close, or otherwise alter the construction of the said privy, as may be directed in the notice; and if the orders contained

২। কমিশ্যনরেরা আইনমতে কোন ব্যক্তির প্রতি কোন তফসীল কি রিটর্ণ দিবার আদেশ করিতে পারিলে, তাঁহার নামে লিখিয়া ঐ তফসীল কি রিটর্ণ দিতে আদেশ করিলে, সেই আদেশপত্র পাইবার তারিখঅবধি এক সপ্তাহের মধ্যে আইনের ৩৬৭ ধারার নির্দ্দিষ্টমতে কমিশ্যনরদের আফিসে তাঁহার সেই তফসীল কি রিটর্ণ পাঠাইতে হইবে। ইহাতে ত্রুটি করিলে সেই ত্রুটির জন্যে তাঁহার ৫ টাকার অনধিক দণ্ড হইতে পারিবে, ও তাঁহাকে সতর্ক করা গেলে পর আর যত দিন ত্রুটি করেন দিন প্রতি তাঁহার আর ২৲ টাকার অনধিকদণ্ড হইতে পারিবে। কোন কেহ মিথ্যা কি অশুদ্ধ তফসীল কি রিটর্ণ দিলে তাঁহার ২০৲ টাকা দণ্ড হইতে পারিবে কিন্তু বৃত্তান্ত দৃষ্টে তাঁহার নামে দণ্ড বিধির আইনমতে ফৌজদারী আদালতে অভিযোগ উপস্থিত করা যাইতে পারিলে, এই উপবিধির কোন কথাদ্বারা তাহা করিবার বাধা হয় এমত জ্ঞান করিতে হইবে না।

৩। সম্পত্তি নিলাম হইলে নিলাম করিবার সময়েই ক্রয়ের টাকা দিতে হইবে ও সম্পত্তি ক্রেতাকে দেওয়া যাইবে। ক্রেতা যত টাকা ডাকিলেন সম্পূর্ণ তত টাকা না দিলে, যে কার্য্যকারক ঐ সম্পত্তি ক্রোক করিলেন তিনি স্বীয় বিবেচনামতে সেই কি অন্য দিনে ঐ সম্পত্তি পুনরায় নিলাম করিতে পারিবেন। এমত স্থলে কিছু হানি হইলে প্রথম ক্রেতা কমিশ্যনরদের নিকট সেই হানির দায়ী হইবেন, ও তাঁহাদের প্রাপ্য ঋণের ন্যায় অবশিষ্ট টাকা আদায় করা যাইতে পারিবে।

কমিশ্যনরদের নিযুক্ত ব্যক্তিদের আচরণবিষয়ক বিধান।

৪। কমিশ্যনরেরা যাঁহাদিগকে কর্ম্ম দেন তাঁহাদের কর্ম্মের আর প্রয়োজন না থাকিলে এক মাস থাকিতে নোটিস দিয়া কিম্বা এক মাসের বেতন দিয়া তাঁহাদিগকে বিদায় করিয়া দেওয়া যাইতে পারিবে। ও তদ্রূপ কোন ব্যক্তি এক মাস থাকিতে নোটিস না দিয়া আপন পদের কর্ম্ম ছাড়িয়া যাইতে পারিবেন না, গেলে তাহার এক মাসের বেতন কর্ত্তন হইবে।

৫। যাঁহারা এইক্ষণে কমিশ্যনরদের অধীন কোন পদে থাকেন বা পশ্চাৎ নিযুক্ত হন, তাঁহাদিগকে জামিন দিতে আজ্ঞা হইলে কমিশ্যনরেরা সময়ে২ যত টাকা ধার্য্য করেন তাঁহাদের তত টাকা জামিন দিতে হইবে। সঙ্গত সময়ের মধ্যে কিম্বা কমিশ্যনরেরা যে সময় নির্দ্ধার্য্য করেন সেই সময়ের মধ্যে জামিন না দিলে তাঁহাদের সেই পদে থাকিবার আর ক্ষমতা নাই জানিতে হইবে ও তাঁহাদিগকে অবসর করা যাইতে পারিবে।

দুর্গন্ধ দ্রব্য ও জঞ্জাল ও মরা জন্তু স্থানান্তর করিবার বিধান।

৬। কোন ব্যক্তির বাড়ীর মধ্যে জন্তু মরিলে কমিশ্যনরেরা মরা জন্তু ফেলিবার যে স্থান নিরূপণ করিয়া দেন, ঐ ব্যক্তি জন্তুর মরণের পর চারি ঘণ্টার মধ্যে, কিম্বা রাত্রিতে মরিলে প্রভাতের পর দুই ঘণ্টার মধ্যে আপনার খরচে সেই মরা জন্তু সেই স্থানে পাঠাইবেন অথবা ঐ বাড়ী নগরের যে খণ্ডের অন্তর্গত থাকে সেই খণ্ড পরিষ্কার রাখিবার (conservancy overseer) তত্ত্বাবধারকের নিকট ঐ জন্তুর মরণের রিপোর্ট করিবেন। শেষোক্ত স্থলে কমিশ্যনরেরা যে হার ধরেন ঐ ব্যক্তি উক্ত ওবরসিয়রকে সেই হারে ঐ জন্তু স্থানান্তর করিবার খরচ দিবেন। ঐ মরা জন্তু ঐ ব্যক্তিরই না হইলে, ও যাঁহার জন্তু ছিল ইহা জানা থাকিলে কেবল তিনিই ঐ খরচের দায়ী হইবেন, ও কমিশ্যনরদের প্রাপ্য ঋণের ন্যায় ঐ খরচ তাঁহার স্থানে আদায় করিয়া লওয়া যাইতে পারিবে। ওবরসিয়রের প্রতি আদেশ হইলে তিনি সেই মরা জন্তু স্থানান্তর করিতে শৈথিল্য করিবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০ টাকা দণ্ড।

৭। কমিশ্যনরেরা সময়ে২ তদ্রূপ মরা জন্তু ফেলিবার যে স্থান নিরূপণ করেন তদ্ভিন্ন স্থানে কোন ব্যক্তির কোন মরা জন্তু কি তাহার কোন অংশ ফেলিতে হইবে না।

এই বিধি লঙ্ঘনের ১০ টাকা দণ্ড।

পাইখানার বিধান ও কার্য্যধ্যক্ষতা করণার্থ বিবি।

৮। কোন ঘরের কি ভূমির কি বাড়ীর স্বামী কি প্রজা আপনি দুর্গন্ধজনক বিষয় স্থানান্তর করাইয়া না দিলে, মুনিসিপল কমিশ্যনরেরা যে২ ঘণ্টা নিরূপণ করেন তিনি বিষ্ঠা কি মল সরাইয়া লইবার জন্যে মুনিসিপালিটীর চাকরদিগকে সেই২ ঘণ্টার মধ্যে অবাধে আপন ঘরে কি ভূমিতে কি বাড়ীতে যাইতে দিবেন।

এই বিধি লঙ্ঘনের ৫ টাকা দণ্ড।

৯। প্রত্যেক জন মাটির উপরে আপনার পাইখানা করিবেন। ও যাহা সরাইয়া লওয়া যাইতে পারে পাইখানায় কি বাড়ীর মধ্যে এমত লৌহাদির কি মাটির আধার রাখিবেন।

নোটিস পাইলে পর এই বিধি লঙ্ঘন হইলে ২০৲ টাকা দণ্ড।

১০। কোন স্বামির কি প্রজার ঘরে কি ভূমিতে কি বাড়ীর মধ্যে মলাদি ত্যাগ করিবার গর্ত্ত থাকিলে কিম্বা দুর্গন্ধজনক কি অনুপযুক্তমতে প্রস্তুত পাইখানা থাকিলে, তিনি মুনিসিপল কমিশ্যনরদের স্থানে নোটিস পাইলে, ঐ নোটিসের লিখনমতে ঐ গর্ত্ত ভরাট কি বন্দ করিয়া দিবেন কিম্বা প্রকারান্তরে ঐ পাইখানার আকার পরিবর্ত্তন করিবেন। ঐ নোটিসের লিখিত আদেশমতে ১৫ দিনের মধ্যে কার্য্য

in the notice be not carried out within 15 days, the Commissioners may fill up, close, or otherwise alter the said privy, and any expense incurred in so doing shall be recoverable as a debt due to the Commissioners.

11. No owner or occupier of any house, land, or premises, in or on which any privy may be situated, shall allow night-soil or filth of any kind to flow or be discharged from such privy into any drain, water-course, river, tank, hollow, or excavation (or any place containing waste and stagnant water), or into any other receptacle but one of the nature described in bye-law 9.

Penalty for infringement, Rs. 20.

12. No person shall throw, deposit, or discharge any night-soil, sewage, or the contents of any drain, privy, or cess-pool, into any river, tank, khâl, water-course, or receptacle for water, or dispose of the above-mentioned kinds of offensive matter in any other way than as the Municipal Commissioners may from time to time direct.

Penalty for infringement, Rs. 20.

13. The Municipal Commissioners may direct the use of lime, coal-tar, carbolic acid, or other deodorants or disinfectants in any privy or premises if at any time it seem to them necessary for the preservation of public health, or for the prevention of infection or spread of disease: provided that the Municipal Commissioners shall be bound to supply such deodorants, &c., at cost price, and the price shall be recoverable as a debt due to the Commissioners.

14. No person shall carry night-soil through the streets otherwise than in a closely covered receptacle, of such description and pattern as shall be required from time to time by the Municipal Commissioners, and between such hours as the Municipal Commissioners may from time to time direct.

For regulating traffic in the streets.

15. Every carriage or cart plying on the streets after one hour after sunset shall carry a light or lights.

Penalty for infringement, Rs. 5.

16. No owner of any carriage shall allow it to be driven by a driver under 14 years of age.

Penalty for disobedience on the owner's part, Rs. 10.

For regulating or prohibiting the use of fire-balloons, fire-works, fire-arms, or missiles in the vicinity of public roads.

17. No one shall let off any fire-balloon, fire-work, fire-arm, or any missile in or near a public street without the consent of the Municipal Commissioners previously obtained.

Penalty for infringement, Rs. 10.

General Bye-laws.

18. No person shall put, or cause to be put, on any house, or other building, any spout or other thing intended for the conveyance and discharge of water which shall be so placed that the water discharged therefrom shall be thrown or fall upon any public road or thoroughfare, and the Commissioners shall have power to take down and alter any such spout now in existence, and to recover the costs as a debt due to the Commissioners.

Penalty for infringement, Rs. 5.

19. No person shall construct, or place over, or by the side of, any public drain, any bridge, platform, building, or structure of any kind, except by and with the written permission of the Commissioners, and in such manner as they shall direct.

Penalty for infringement, Rs. 10; penalty for continued infringement after notice, Rs. 3 daily.

[*Government Gazette*, 26*th September* 1876.]

না করা গেলে কমিশ্যনরেরা ঐ গর্ত্ত ভরাট কি বন্দ করিতে কিম্বা প্রকারান্তরে ঐ পাইখানা পরিবর্ত্তন করিয়া দিতে পারিবেন। তাহাতে যে খরচ লাগে কমিশ্যনরদের প্রাপ্য ঋণের ন্যায় সেই খরচ আদায় হইতে পারিবে।

১১। কোন স্বামির কি প্রজার ঘরে কি ভূমিতে কি বাড়ীর মধ্যে পাইখানা থাকিলে, তিনি কোন নর্দ্দমায় কি জলপ্রালীতে কি নদীতে কি পুষ্করিণীতে কিম্বা গর্ত্তে কিম্বা যাহাতে অকর্ম্মণ্য ও মরা জল দাঁড়ায় এমত কোন স্থানে কিম্বা এই উপবিধির ৯ ধারার উল্লিখিত আধার ভিন্ন কোন আধারে সেই পাইখানার বিষ্ঠাদি কোন প্রকারের ময়লা বিষয় যাইতে কি পড়িতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ টাকা দণ্ড।

১২। কোন ব্যক্তি বিষ্ঠা কি নর্দ্দমার মলিন দ্রব্য কিম্বা কোন নর্দ্দমার কি পাইখানার কি আঁস্তাকুড়ের দ্রব্য কোন নদীতে কি পুষ্করিণীতে কি খালে কি জলপ্রণালীতে কি জল থাকিবার স্থানে ফেলিবেন কি রাখিবেন কি পড়িতে দিবেন না, কিম্বা তাহা লইয়া যাহা করিতে হইবে মুনিসিপল কমিশ্যনরেরা সময়ে২ এই বিষয়ের যেরূপ আদেশ করেন তদ্ভিন্ন পূর্ব্বোক্ত দুর্গন্ধজনক দ্রব্য লইয়া অন্যরূপে কার্য্য করিবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ টাকা দণ্ড।

১৩। মুনিসিপল কমিশ্যনরেরা সাধারণের স্বাস্থ্যের জন্যে কিম্বা সঞ্চারক রোগ কিম্বা রোগের ব্যপকতা নিবারণার্থে আবশ্যক বোধ করিলে, কোন পাইখানায় কি বাড়ীর মধ্যে চূণের কি আলকাতরার কি কারবলিক আসিডের কিম্বা দুর্গন্ধনাশক কি রোগ সঞ্চার নিবারণার্থক অন্য দ্রব্যের ব্যবহার হইবার আজ্ঞা দিতে পারিবেন। কিন্তু এমন স্থলে মুনিসিপল কমিশ্যনরেরা ঐ দুর্গন্ধনাশক প্রভৃতি দ্রব্য যে মূল্যে ক্রয় করেন সেই মূল্যে তাঁহাদের সেই২ দ্রব্য দিতেই হইবে, ও তাঁহাদের প্রাপ্য ঋণের ন্যায় ঐ২ দ্রব্যের মূল্য আদায় হইতে পারিবে।

১৪। মুনিসিপল কমিশ্যনরেরা সময়ে২ বিষ্ঠাদি লইয়া যাইবার জন্যে যে প্রকারের ও যে ডৌলের আধার ব্যবহার করিবার আজ্ঞা করেন দৃঢ়রূপে আঁটিয়া বন্ধ সেই প্রকারের আধারভিন্ন কোন ব্যক্তি অন্য আধারে, ও মুনিসিপল কমিশ্যনরেরা সময়ে২ যে২ ঘণ্টার আজ্ঞা করেন তদ্ভিন্ন কোন ঘণ্টায়, রাস্তা দিয়া বিষ্ঠা লইয়া যাইবে না।

রাস্তায় গাড়ী প্রভৃতি চালাওনের বিধান।

১৫। সূর্য্যাস্তের এক ঘণ্টার পরে কোন গাড়ী কি ছকড়া গাড়ী রাস্তায় গেলে আলো জ্বালিয়া যাইতে হইবে।

এই বিধি লঙ্ঘনের ৫৲ টাকা দণ্ড।

১৬। গাড়ীর কোন স্বামী ১৪ বৎসরের কম বয়সের কোন ব্যক্তির দ্বারা আপন গাড়ী চালাইতে দিবেন না।

স্বামী এই আজ্ঞা না মানিলে তাহার ১০৲ টাকা দণ্ড হইতে পারিবে।

সরকারী রাস্তার ধারে অগ্নির বেলুন কি আতশবাজী কি বন্দুক কিম্বা নিক্ষেপ করিবার কোন যন্ত্রের ব্যবহারের বিধান বা নিষেধ।

১৭। মুনিসিপল কমিশ্যনরদের অনুমতি না পাইলে, কোন ব্যক্তি সরকারী রাস্তায় কি তাহার নিকটে অগ্নির বেলুন কি আতশবাজী কি বন্দুক কি কোন দ্রব্য নিক্ষেপ করিবার যন্ত্র ছুড়িবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ টাকা দণ্ড।

সাধারণ উপবিধি।

১৮। কোন ঘরের কি অন্য গাঁথনির ছাদের জল পড়িবার যে নল দিয়া সরকারী রাস্তায় কি লোকদের গমনাগমনের কোন পথে জল পড়িতে পারে কেহ এমত নল বসাইতে পারিবেন না। এইক্ষণে তদ্রূপ যে নল আছে কমিশ্যনরেরা তাহা নামাইয়া দিতে কি পরিবর্ত্তন করিতে পারিবেন ও আপনাদের প্রাপ্য ঋণের ন্যায় ঐ খরচ আদায় করিতে পারিবেন।

এই বিধি লঙ্ঘনের ৫৲ টাকা দণ্ড।

১৯। কোন ব্যক্তি কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইলে কোন সরকারী নর্দ্দমার উপর কি তাহার পার্শ্বে কোন সাঁকো কি বসিবার স্থান কি গাঁথনি কি কোন বিষয় গাঁথিবেন কি রাখিবেন না। অনুমতি পাইলে কমিশ্যনরেরা যেরূপে তাহা গাঁথিতে বলেন কেবল সেইরূপেই গাঁথিতে পারিবেন।

এই বিধি লঙ্ঘনের ১০৲ টাকা দণ্ড। ও নোটিস পাইলে পর আর মত দিন ঐ বিধি লঙ্ঘন হইয়া থাকে দিনপ্রতি আর ৩৲ টাকা দণ্ড হইতে পারিবে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২৬ সেপ্টেম্বর।]

20. If any house, wall, or other erection, or any part thereof, fall upon any public highway, or into any public drain, the owner of such house, wall, or erection, shall remove it after notice within the time prescribed by the Commissioners.

Penalty for infringement, Rs. 10; penalty for continued infringement after notice, Rs. 5 daily.

21. No person shall prepare any channel, or convey water by any channel, across any public thoroughfare, except in such manner as shall have been first approved by the Commissioners.

Penalty for infringement, Rs. 10; penalty for continued infringement after notice, Rs. 2 daily.

22. No person shall steep in any river, khâl, tank, or ditch, within municipal limits, any jute, hemp, bamboos, or other vegetable matter likely to render the water of such river, khâl, tank, or ditch, offensive or noxious to the neighbourhood.

Penalty for infringement, Rs. 5; penalty for continued infringement after notice, Rs. 2 daily.

23. No person shall, without the written permission of the Commissioners, set up any obstruction in any *nullah* or water-course; and the Commissioners may order the removal of any such obstruction on grounds of public health. Penalty for infringement, Rs. 10; penalty for continued infringement after notice, Rs. 4 daily.

24. The owner or occupier of any part of the bank of any *nullah* or water-course shall keep it free from filth, dense vegetation, or other obstruction, and shall at all times allow the Commissioners, or any of their servants duly authorized, to have access to such *nullah* or water-course for any purpose of public conservancy.

Penalty for infringement, Rs. 10; penalty for continued infringement after notice, Rs. 5 daily.

25. No person shall let loose, or cause or allow to be let loose, or allow to get loose, any diseased or worn-ou animal on any highway, or into any place whence such animal can escape into any highway.

Penalty for infringement, Rs. 20.

26. No person shall bury, or cause to be buried, any corpse, or part of a corpse, in any burial ground in a grave constructed of masonry in such manner that the top of the coffin, or the body where no coffin is used, shall be at a less depth than five feet from the surface ground.

Penalty for infringement, Rs. 10.

27. No person shall bury, or cause to be buried, in any burial ground, any corpse or part of a corpse, in a grave not constructed of masonry, which shall be less than six feet deep.

Penalty for infringement, Rs. 10.

28. No person shall build or dig, or cause to be built or dug, any grave in any burial ground at a less distance than two feet from any other existing grave.

Penalty for infringement, Rs. 20.

29. No person shall build or dig, or cause to be built or dug, a grave in any burial place in any other line than that marked out by the Commissioners.

Penalty for infringement, Rs. 20.

30. No grave once used shall be opened for the burial of another body without the permission of the Commissioners.

Penalty for infringement, Rs. 20.

31. No one shall carry a corpse, or part of a corpse, through any highway, unless it be decently covered and totally concealed from public view.

Penalty for infringement, Rs. 10.

32. No person shall picket animals, or collect carts, or form any embankment, upon any public ground without the permission of the Commissioners.

Penalty for infringement, Rs. 10.

[*Government Gazette*, 26*th September* 1876.]

২০। কোন ঘর কি দেওয়াল কি অন্য গাঁথনি কি তাহার কোন ভাগ কোন রাজপথে কিম্বা সরকারী কোন নর্দ্দমায় পড়িয়া গেলে, কমিশন্যরেরা নোটিস দিয়া যে সময় নির্দ্ধার্য্য করেন ঐ ঘরের কি দেওয়ালের কি গাঁথনির স্বামী সেই সময়ের মধ্যে তাহা স্থানান্তর করিয়া লইবেন।

এই বিধি লঙ্ঘনের ১০৲ টাকা দণ্ড। নোটিস পাইলে পর যত দিন ঐ বিধি লঘন হইতে থাকে দিনপ্রতি আর ৫৲ টাকা দণ্ড হইতে পারিবে।

২১। কোন ব্যক্তি সাধারণের গমনাগমনীয় কোন পথ কাটিয়া নালা করিতে কি ঐ নালা দিয়া জল চালাইতে চাহিলে, কমিশ্যনরেরা প্রথমে যেরূপে অনুমোদন করেন কেবল সেইরূপে তাহা করিতে পারিবেন।

এই বিধি লঙ্ঘনের ১০৲ টাকা দণ্ড। ও নোটিস পাইলে পর এই বিধি যত দিন লঙ্ঘন হইতে থাকে দিন প্রতি ২৲ টাকা দণ্ড হইতে পারিবে।

২২। কোন ব্যক্তি নগরের সীমার মধ্যবর্ত্তি কোন নদীতে কি খালে কি পুকুরে কি খানায় শন কি পাট কি বাঁস কি উদ্ভিজ্জ যে দ্রব্য ভিজাইয়া রাখিলে ঐ নদীর কি খালের কি পুকুরের কি খানার জল দুর্গন্ধজনক কিম্বা প্রতিবাসিদের অনিষ্টজনক হয় এমত দ্রব্য ভিজাইয়া রাখিবেন না।

এই বিধি লঙ্ঘনের ৫৲ টাকা দণ্ড। ও নোটিস পাইলে পর এই বিধি যত দিন লঙ্ঘন হইয়া থাকে দিন প্রতি আর ২৲ টাকা দণ্ড হইতে পারিবে।

২৩। কমিশ্যনরদের লিখিত অনুমতি না পাইলে, কেহ কোন নালায় কি জলপ্রণালীতে বাধক কোন বিষয় দিবেন না, দিলে কমিশ্যনরেরা সাধারণের স্বাস্থ্যের জন্যে সেই অবরোধক বিষয় স্থানান্তর করিবার আজ্ঞা দিতে পারিবেন। এই বিধি লঙ্ঘনের ১০৲ টাকা দণ্ড। ও নোটিস পাইলে পর যত দিন এই বিধি লঙ্ঘন হইতে থাকে দিনপ্রতি আর ৪৲ টাকা দণ্ড হইতে পারিবে।

২৪। যে ব্যক্তি কোন নালার কি জলপ্রণালীর পাড়ের কোন অংশের স্বামী কি দখিলকার হন, তিনি তাহাতে কোন ময়লা দ্রব্য থাকিতে কি ঘন জঙ্গল হইতে কি জলের অবরোধক কোন বিষয় থাকিতে দিবেন না ও সাধারণের পক্ষে তাহা পরিষ্কার করিবার জন্য সর্ব্বদাই কমিশ্যনরদিগকে কিম্বা তাঁহাদের উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারকদিগকে অবাধে সেই নালায় কি জলপ্রণালীতে যাইতে দিবেন।

এই বিধি লঙ্ঘনের ১০৲ টাকা দণ্ড। ও নোটিস পাইলে পর যত দিন এই বিধি লঙ্ঘন হইতে থাকে দিন প্রতি আর ৫৲ টাকা দণ্ড হইতে পারিবে।

২৫। কোন ব্যক্তি কোন রোগী কি জীর্ণ জন্তুকে কোন রাজপথে কি যে স্থানহইতে রাজপথে যাইতে পারে এমত স্থানে ছাড়িয়া দিবেন না কি অন্যকে ছাড়িয়া দিতে দিবেন না কি ছাড়িয়া যাইতে দিবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ টাকা দণ্ড।

২৬। কোন ব্যক্তি গোরস্তানে পাকা কবরে শব কি শবের কোন অঙ্গ পুতিলে, বাক্সের উপরিভাগ কিম্বা বাক্স না থাকিলে শবের উপরিভাগ যাহাতে মাটির নীচে পাঁচ ফুটের কম না থাকে এমত কবরে পুতিবেন কি পোতাইবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ টাকা দণ্ড।

২৭। কোন ব্যক্তি গোরস্তানে কাঁচা কবরে শব কি শবের কোন অঙ্গ পুতিলে, ছয় ফুটের কম গর্ত্তে পুতিবেন কি পোতাইবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ টাকা দণ্ড।

২৮। কোন ব্যক্তি গোরস্তানে কোন কবর গাঁথিলে কি খুড়িলে কি গাঁথাইলে কি খণন করাইলে, অন্য কবরহইতে দুই ফুটের কম দূরে তাহা করিবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ টাকা দণ্ড।

২৯। কমিশ্যনরেরা কবরস্থানে যে রেখার চিহ্ন দিয়া থাকেন কোন ব্যক্তি ঠিক সেই রেখার টান না মানিয়া কবর গাঁথিবেন কি খুঁড়িবেন না কি গাঁথাইবেন না কি খণন করাইবেন না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ টাকা দণ্ড।

৩০। কবরে একটি শব দেওয়া গেলে কমিশ্যনরদের অনুমতি বিনা অন্য শব দিবার জন্যে ঐ কবর খুলিতে হইবে না।

এই বিধি লঙ্ঘনের ২০৲ টাকা দণ্ড।

৩১। শব কি শবের কোন অঙ্গ রাজপথ দিয়া লইয়া গেলে তাহা উপযুক্তরূপে ঢাকিয়া ও সাধারণের দৃষ্টি হইতে সম্পূর্ণরূপে আচ্ছাদিত করিয়া লইয়া যাইতে হইবে।

এই বিধি লঙ্ঘনের ১০৲ টাকা দণ্ড।

৩২। কোন ব্যক্তি কমিশ্যনরদের অনুমতি না পাইলে সাধারণের ব্যবহার্য্য কোন ভূমিতে জন্তু বাঁধিবেন না ও গাড়ী সংগ্রহ করিয়া রাখিবেন না কি কোন বাঁধ করিবেন না।

এই বিধি লঙ্ঘনের ১০৲ টাকা দণ্ড।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৬। ২৬ সেপ্টেম্বর।]

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL.

ESTABLISHMENT.

The 12th September 1876.

No. 308.—*Notifications.*—Baboo Satcowree Chatterjee, Supervisor, Second Grade, transferred* from the Circular and Eastern Canals Division to the Western Circle, will continue in the former division as a temporary measure or until further orders.

* Bengal Government (Public Works Department) Notification No. 290, dated 25th August.

The 15th September 1876.

No. 309.—Mr. T. Smith, Sub-Engineer, Second Grade, joined the Nuddea Rivers Division on the 6th September 1876, before noon.

The 18th September 1876.

No. 310.—*Transfer.*—Mr. J. F. Nelson, Supervisor, First Grade, from the North-Eastern to the North-Western Circle.

CIVIL BUILDINGS.

The 19th September 1876.

No. 313.—*Declaration under Section* 6 *of Act X* 1870 *of the Government of India.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government, to be paid from the fund raised by public subscription, for a public purpose, viz. for the site of the Northbrook Hall, in the Town of Dacca, Mohullah Dal Bazaar, it is hereby declared that for the above purpose a plot of land measuring, more or less, 2 beeghas 1 cottah 19 dhrones 10 gundas of standard measurement, bounded on the north by the public road; south by the River Burigunga and public road; east by Gobind Paul's Mut and pucca ghât and unoccupied land, partly a road; and west by the public road leading to the Strand, is required within the aforesaid Mohullah.

2. This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

By order of the Lieutenant-Governor of Bengal,

G. A. D. ANLEY, C. E.,

Offg. Asst. Secy. to the Govt. of Bengal, P. W. D.

IRRIGATION.

NOTIFICATION.—ESTABLISHMENT.

The 18th September 1876.

No. 311.—*Notification.*—Mr. L. E. Desgratoulet, temporary Assistant Engineer, First Grade, Mahanuddy Division, availed himself of the privilege leave granted him in the orders marginally noted on the afternoon of the 15th August 1876.

No. 237, dated 17th July 1876.

No. 312.—*Posting.*—With reference to the orders marginally noted, Baboo Madhub Chunder Chatterjee, Supervisor, First Grade, is posted to the Mahanuddy Division, which he joined on the forenoon of the 5th September 1876.

No. 279, dated 10th August 1876.

The 19th September 1876.

No. 313.—*Transfer.*—Mr. A. C. C. Rogers, Assistant Engineer, Second Grade, is transferred, in the interests of the public service, from the South-Western to the Orissa Circle, and posted to the Mahanuddy Division, which he joined on the forenoon of the 13th September 1876.

[*Government Gazette, 26th September* 1876.]

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশ্‌তা বিষয়ক বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১২ সেপ্টেম্বর।

৩০৮ নম্বর। বিজ্ঞাপন।—সরক্যুলর ও পূর্ব্ব খাল খণ্ড হইতে পশ্চিম চক্রে প্রেরিত দ্বিতীয় শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত বাবু সাতকড়ি চট্টোপাধ্যায় কিয়ৎকালের নিমিত্তে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত পূর্ব্বোক্ত খণ্ডে থাকিবেন।

*বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ২৫ আগষ্টের ২৯০ নং জ্ঞাপনপত্র।

১৮৭৬ সাল ১৫ সেপ্টেম্বর।

৩০৯ নম্বর।—দ্বিতীয় শ্রেণীর সব-ইঞ্জিনিয়র শ্রীযুত টি, সিথ, সাহেব ১৮৭৬ সালের সেপ্টেম্বর মাসের ৬ তারিখের পূর্ব্বাহ্নে নদীয়ার নদীখণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৭৬ সাল ১৮ সেপ্টেম্বর।

৩১০ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—প্রথম শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত জে, এফ, নেলসন সাহেব উত্তর পূর্ব্ব চক্র হইতে উত্তর পশ্চিম চক্রে প্রেরিত হইলেন।

অট্টালিকাদি বিষয়ক বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৯ সেপ্টেম্বর।

৩১৩ নম্বর।—ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ ঢাকা নগরের মহল্লাদাল বাজারে নর্থব্রুক হল প্রস্তুত করিবার নিমিত্তে সাধারণে চাঁদা করিয়া যে টাকা তুলেন সেই টাকা ব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেলে। পূর্ব্বোক্ত কার্য্যেরনিমিত্তে উক্ত মহল্লায় কষ্টিমতে ন্যূনাধিক ২/১ কাঠা ১৯ ধ্রোন ১০ গণ্ডা পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা রাজপথ, দক্ষিণ সীমা বুড়িগঙ্গানদী ও রাজপথ, পূর্ব্ব সীমা গোবিন্দ পালের মঠ ও পাকা ঘাট, ও পতিত ভূমি ও অংশতঃ পথ, ও পশ্চিম সীমা নদী তীরে যাইবার রাজপথ।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞাক্রমে,
জি, এ, ডি, আনলী, সি, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের
একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়।

সিরিশ্‌তাবিষয়ক,—বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৮ সেপ্টেম্বর।

৩১১ নম্বর।—বিজ্ঞাপন।—মহানদী খণ্ডের প্রথম শ্রেণীর কিয়ৎকালীন আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এল্, ই, ডিগ্রাটুলে সাহেব পার্শ্বলিখিত আজ্ঞামতে যে অনুগ্রহের ছুটী পান তাহা ১৮৭৬ সালের আগষ্ট মাসের ১৫ তারিখের অপরাহ্নে গ্রহণ করিলেন।

১৮৭৬ সালের ১৭ জুলাইর ২৩৭ নম্বর।

৩১২ নম্বর।—অবস্থিতির কথা।—পার্শ্বলিখিত আজ্ঞার উপলক্ষে প্রথম শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত বাবু মাধবচন্দ্র চট্টোপাধ্যায় মহানদী খণ্ডে অবস্থিত হওয়াতে ১৮৭৬ সালের সেপ্টেম্বর মাসের ৫ তারিখের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ কবিলেন।

১৮৭৬ সালের ১০ আগষ্টের ২৭৯ নম্বর।

১৮৭৬ সাল ১৯ সেপ্টেম্বর।

৩১৩ নম্বর। স্থানান্তরে নিয়োগ।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত এ, সি, সি, রজর্স সাহেব রাজকার্য্যের স্বার্থের নিমিত্তে দক্ষিণ পশ্চিম চক্রহইতে উড়িষ্যাচক্রে প্রেরিত ও মহানদীখণ্ডে অবস্থিত হইলেন। তিনি ১৮৭৬ সালের সেপ্টেম্বর মাসের ১৩ তারিখের পূর্ব্বাহ্নে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ২৬ সেপ্টেম্বর।]

No. 314.—*Leave.*—Baboo Bungsheedhur Banerjee, Sub-Overseer, First Grade, Buxar Division, is granted privilege leave for six weeks, under Section 12, Supplement F of the Civil Leave Code.

No. 315.—Baboo Mohesh Chunder Bose, Assistant Engineer, First Grade, on special survey duty in the South-Western Circle, is granted privilege leave for ten days, under Section 12, Supplement F of the Civil Leave Code, with effect from the 4th October 1876.

No. 316.—*Promotion.*—The Lieutenant-Governor is pleased to promote Major J. G. Forbes, R.E., Superintending Engineer, Third Grade (temporary Second Grade), to temporary Superintending Engineer, First Grade, with effect from the 1st September 1876.

No. 317.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken up by Government at the public expense for public purposes, viz. for the excavation of six drainage cuts from Distributary Channel No. 1 of the Midnapore Canal in the pergunnahs Khandar and Narainghur, zillah Midnapore, it is hereby declared that for the above purposes six strips of lands 9 miles and 4,467 feet long, with an average width of 40 feet, and measuring 43 acres 1 rood 39 poles, more or less, are required. The channels and the terminal stations are mentioned below :—

1. *Drainage Cut No.* 11.—A strip of land from 9 miles 7 pins of Distributary No. 1, running through the villages of Sanooah, Futechuck, Jamooah, Shankooah, and Luckhichuck, pergunnah Khandar, zillah Midnapore, 1 mile and 535 feet long and 33 feet wide, more or less.

2. *Drainage Cut No.* 13.—A strip of land from the village of Chuck Mowah to Shahabandy, pergunnah Khandar, zillah Midnapore, 1 mile long and 48 feet wide, more or less.

3. *Drainage Cut No.* 14.—A strip of land from 11 miles 13 pins of Distributary No. 1, passing through the villages of Kugrah, Kalliaparah, Peetapoorah, Bargopal, pergunnah Khandar, zillah Midnapore, 2 miles long, with an average width of 33 feet, more or less.

4. *Drainage Cut No.* 14*A*.—A strip of land lying in the village of Kalliaparah, pergunnah Khandar, zillah Midnapore, 2,046 feet long and 34 feet wide, more or less.

5. *Drainage Cuts Nos.* 15 *and* 16.—A strip of land from 12 miles 17 pins of Distributary No. 1, running through the villages of Bargopal, Kalliaparah, Petapore, Chuckbarandy, Barbhadrakali, Chuck Sakoopal, Chuck Rasickmaity, Chuck Poorasatum, Chuck Gobrah, Kantai, Josogurriai, pergunnah Khandar and Madpore, pergunnah Narainghur, zillah Midnapore, 2 miles and 1,886 feet long, with an average width of 36 feet, more or less.

6. *Drainage Cuts Nos.* 18 *and* 19.—A strip of land from 13 miles and 45 pins of Distributary No. 1, running through the villages of Ullunkarpore, Sandaooly, Birbirah, pergunnah Khandar and Jhopegurriah, Nankar, Sonath, Khichinga, pergunnah Narainghur, zillah Midnapore, 3 miles long and 36 feet wide, more or less.

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

F. T. HAIG *Col.*, R. E.,
Joint-Secy. to the Govt. of Bengal
in the P. W. Dept., Irrigation Branch.

৩১৪ নম্বর।—ছুটী।—বকসারখণ্ডের প্রথম শ্রেণীর সব-ওবরসিয়র শ্রীযুত বাবু বংশীধর বন্দ্যোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে ছয় সপ্তাহ অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

৩১৫ নম্বর।—দক্ষিণ পশ্চিমচক্রে বিশেষ জরীপী কার্য্যে নিযুক্ত প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু মহেশচন্দ্র বসু সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে ১৮৭৬ সালের অক্টোবর মাসের ৪ তারিখ অবধি দশ দিন অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

৩১৬ নম্বর।—পদ বৃদ্ধির কথা।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবরণর সাহেব তৃতীয় শ্রেণীর (কিয়ৎকালীন দ্বিতীয় শ্রেণীর) সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র মেজর শ্রীযুত জে, জি, ফার্বস আর, ই, সাহেবকে ১৮৭৬ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখ অবধি কিয়ৎকালের নিমিত্তে প্রথম শ্রেণীর সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়রের পদে উন্নীত করিলেন।

৩১৭ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ মেদিনীপুর জিলার অন্তর্গত খণ্ডার ও নারায়ণগড় পরগনায় মেদিনীপুর খালের জল বিতরণার্থ ১ নম্বর নালা হইতে ছয়টী খাল খনন করিবার নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক এই কথা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে ৯ মাইল ৪,৪৬৭ ফুট দীর্ঘ ও গড়ে ৪০ প্রস্থ ও ন্যূনাধিক ৫৩ একর ১রূড ৩৯ পোল পরিমিত ছয় খণ্ড ভূমির প্রয়োজন। ঐ খাল ও তাহাদের অন্তস্থানের কথা নিম্নে বলা গেল।

১। ১১ নং খাল।—মেদিনীপুর জিলার খণ্ডার পরগনার সনুয়া, ও ফাতেচক, ও জমুয়া ও সানকুয় ও লক্ষ্মীচক গ্রামে জল বিতরণার্থ ১ নম্বর নালাহইতে ৯ মাইল ৭ পিন দূরে ১ মাইল ৫৩৫ ফুট দীর্ঘ ও ন্যূনাধিক ৩৩ ফুট প্রস্থ এক খণ্ড ভূমি।

২। ১৩ নং খাল।—মেদিনীপুর জিলার খণ্ডার পরগনার চকমৌয়া অবধি শাহাবাদি পর্য্যন্ত ন্যূনাধিক ১ মাইল দীর্ঘ ও ৪৮ ফুট প্রস্থ এক খণ্ড ভূমি।

৩। ১৪ নং খাল। মেদিনীপুর জিলার খণ্ডার পরগনার কুগ্রা ও কালিয়াপাড়া ও পীটাপুরা ও বড় গোপাল গ্রামে জল বিতরণার্থ ১ নম্বর নালা হইতে ১১ মাইল ১৩ পিন দূরে ২ মাইল দীর্ঘ ও ন্যূনাধিক গড়ে ৩৩ ফুট প্রস্থ এক খণ্ড ভূমি।

৪। ১৪A নং খাল।—মেদিনীপুর জিলার খণ্ডার পরগনার কালিয়াপাড়া গ্রামে ২০৪৬ ফুট দীর্ঘ ও ন্যূনাধিক ৩৪ ফুট প্রস্থ এক খণ্ড ভূমি।

৫। ১৫ ও ১৬ নং খাল।—মেদিনীপুর জিলার ফণ্ডার পরগনার বড় গোপাল ও কালিয়াপাড়া, ও পীটাপুর ও চকবরন্দী ও বড়ভদ্রকালীও চকসাকুপাল ও চক রসিক মাইতি ও চক পুরুষোত্তম ও চক গোব্রা ও কাতি ও যস গড়িয়াই ও নারায়ণগড় পরগনার মাদপুর গ্রামে জল বিতরণার্থ ১ নম্বর নালার ১২ মাইল ১৭ পিন দূরে ২ মাইল ১৮৮৬ ফুট দীর্ঘ ও ন্যূনাধিক গড়ে ৩৬ ফুট প্রস্থ এক খণ্ড ভূমি।

৬। ১৮ ও ১৯ নং খাল। মেদিনীপুর জিলার খণ্ডার পরগণার অলঙ্কারপুর ও সদাউলী ও বিড় বিড়া গ্রামে ও নারায়ণগড় পরগনার ঝোপ গরিয়ার ও নঙ্কার ও সোনাথ ও খিচিঙ্গা গ্রামে জল বিতরণার্থ ১ নম্বর নালার ১৩ মাইল ৪৫ পিন দূরে ৩ মাইল দীর্ঘ ও ন্যূনাধিক ৩৬ ফুট প্রস্থ এক খণ্ড ভূমি।

উক্ত ভূমিতে যাহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এফ, টি, হেগ, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টের জলসেচন শাখায়
বঙ্গদেশের গবর্ণমেন্টের জাইন্ট সেক্রেটরী।

গবর্ণমেণ্ট্ গেজেট

TUESDAY, OCTOBER 3, 1876.

মঙ্গলবার ১৮৭৬ সাল ৩ অক্টোবর।

PART II.

Resolutions, Orders, and Notifications of the Lieutenant-Governor of Bengal.

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 2169C.S.

GENERAL.—*The 4th September* 1876.—Baboo Jodoonath Chowdry, Deputy Magistrate and Deputy Collector, Dacca, is transferred to Backergunge, and vested with the powers of a Collector under Act X (B.C.) of 1871 in that district.

The 17th September 1876.—Mr. H. Savage, Assistant Magistrate and Collector, Beerbhoom, is allowed leave of absence for two months under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the 19th instant.

The 18th September 1876.—Baboo Radha Sham Sing, Sub-Deputy Collector, Serampore, Hooghly, is appointed temporarily to be a Deputy Magistrate and Deputy Collector of the Seventh Grade, *vice* Baboo Jodoonath Chowdry, now employed on road cess work in Backergunge. Baboo Radha Sham Sing is posted to Dacca, and will continue to exercise the powers of a Magistrate of the Third Class.

Mr. C. Owen is appointed temporarily to be a Sub-Deputy Collector of the First Grade, *vice* Baboo Radha Sham Sing, and is posted to Serampore, in Hooghly.

Moulvi Dulleeluddin, Deputy Magistrate and Deputy Collector, Patna, on leave, is promoted to the Third Grade of the Subordinate Executive Service, *vice* Baboo Deno Nath Addy, reduced.

Baboo Rungolall Banerjee, Deputy Magistrate and Deputy Collector, Cuttack, is allowed leave for three months under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the 4th October 1876.

Baboo Madhub Chunder Moitra, Deputy Magistrate and Deputy Collector, Julpigoree, is allowed leave of absence for fifteen days in addition to the ensuing Doorga Poojah holidays, under Section 21, Chapter VI of the Civil Leave Code.

The 20th September 1876.—Mr. W. C. Muller, Personal Assistant to the Commissioner of the Rajshahye and Cooch Behar Division, is allowed furlough to Europe for one year under Section 7, Supplement F of the Civil Leave Code, with subsidiary leave for a period not exceeding thirty days, under Section 10 of the Supplement, with effect from the 16th November 1876, or any subsequent date on which he may avail himself of it.

The 22nd September 1876.—In modification of the orders of the 29th August 1876, Mr. J. F. Stevens, Joint-Magistrate and Deputy Collector, Moorshedabad, is vested with the powers of a Collector under Act X of 1870 for the purpose of acquiring the land required for the construction of a road from Dhola, pergunnah Sarup Singha, district Beerbhoom to Augram, pergunnah Shahajadpore, district Moorshedabad.

POLICE.—*The 18th September* 1876.—Mr. A. H. James, District Superintendent of Police Chittagong Hill Tracts, is transferred to Maldah.

Mr. C. P. Crouch, Assistant Superintendent of Police, will return to his substantive appointment in the 24-Pergunnahs on being relieved of his acting appointment as District, Superintendent of Police, Maldah, by Mr. A. H. James.

Mr. C. E. Fabre Tonnerre, Assistant Superintendent of Police, 24-Pergunnahs, is transferred to Dinagepore.

The 19th September 1876.—Mr. G. W. S. Cox is appointed to act until further orders as an Assistant Superintendent of Police.

The 20th September 1876.—Mr. A. Rattray, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Sungoo Division, in the Hill Tracts of Chittagong, is vested with powers equivalent to those of an Assistant Superintendent of Police, to be exercised within the limits of that division.

EDUCATION.—*The 25th September* 1876.—Baboo Gopal Chundra Mookerjee, Pleader, is appointed to be Secretary to the District School Committee of Moorshedabad, *vice* Mr. J. F. Stevens.

The following gentlemen are appointed to be members of the District School Committee of Manbhoom:—

Baboo Raichurn Ghose. | Baboo Poreshnath Ghose.

[*Government Gazette*, 3rd October 1876.]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

২১৬৯C.S. নম্বর।

সাধারণ।—১৮৭৬ সাল ৪ সেপ্টেম্বর। ঢাকার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু যদুনাথ চৌধুরী বাকরগঞ্জে প্রেরিত হইয়া ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনমত ঐ জিলায় কালেকটরের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

১৮৭৬ সাল ১৭ সেপ্টেম্বর।—বীরভুমের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত এচ, সাবেজ সাহেব এই মাসের ১৯ তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ১৮ সেপ্টেম্বর।— এক্ষণে বাকরগঞ্জ জিলার পথকরসম্পর্কীয় কার্য্যে নিযুক্ত শ্রীযুত বাবু যদুনাথ চৌধুরীর পরিবর্ত্তে হুগলীর অন্তর্গত শ্রীরামপুরের সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু রাধাশ্যাম সিংহ কিয়ৎকালের নিমিত্তে সপ্তম শ্রেণীর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন। তিনি ঢাকায় অবস্থিত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতাক্রমে কার্য্য করিতে থাকিবেন।

শ্রীযুত বাবু রাধাশ্যাম সিংহের পরিবর্ত্তে শ্রীযুত সি, ওয়েন সাহেব কিয়ৎকালের নিমিত্তে প্রথম শ্রেণীর সব-ডেপুটী কালেক্টর হইয়া হুগলীর অন্তর্গত শ্রীরামপুরে অবস্থিত হইলেন।

শ্রীযুত বাবু দীননাথ আঢ্যের পদাবনতি হওয়াতে তৎপরিবর্ত্তে পাটনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত মৌলবী দলীলুদ্দীন সবর্ডিনেট একজেকিটীব সর্ব্বিষের তৃতীয় শ্রেণীতে উন্নীত হইলেন। ইনি ছুটী লইয়াছেন।

কটকের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু রঙ্গলাল বন্দ্যোপাধ্যায় ১৮৭৬ সালের অকটোবর মাসের ৪ তারিখ অবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

জলপাইগুড়ির ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত বাবু মাধবচন্দ্র মৈত্র আগামি দুর্গোৎসবের ছুটীর অতিরিক্ত সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে পনের দিন ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ২০ সেপ্টেম্বর।—রাজশাহী ও কুচবেহার খণ্ডের কমিশ্যনরের স্বকীয় আসিষ্টাণ্ট শ্রীযুত ডবলিউ, সি, মল্লার সাহেব ১৮৭৬ সালের নবেম্বর মাসের ১৬ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৭ ধারামতে ইউরোপ গমনার্থ এক বৎসর নিয়মিত ছুটী ও ঐ পরিশিষ্ট বিধির ১০ ধারামতে ত্রিশ দিন পর্য্যন্ত উপকরণার্থ ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ২২ সেপ্টেম্বর।—১৮৭৬ সালের আগস্ট মাসের ২৯ তারিখের আজ্ঞা মতান্তর করিয়া এই আজ্ঞা করা গেল। মুরশিদাবাদের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত জে, এফ, ষ্টিবেনস সাহেব বীরভুম জিলার অন্তর্গত স্বরূপসিংহ পরগনার ঢোলা অবধি মুরশিদাবাদ জিলার অন্তর্গত শাহজাদপুর পরগনার আউগ্রাম পর্য্যন্ত পথ প্রস্তুত করণার্থ ভুমি গ্রহণ কার্য্যের নিমিত্তে ১৮৭০ সালের ১০ আইনমত কালেকটরের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

পোলীস সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৮ সেপ্টেম্বর।—চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশ জিলার পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এ, এচ, জেমস্ সাহেব মালদহে প্রেরিত হইলেন।

পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত সি, পি, ক্রাউচ সাহেব মালদহ জিলার পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্ট স্বরূপ স্বীয় একটিং কর্ম্মের ভার শ্রীযুত এ, এচ, জেমস সাহেবের প্রতি অর্পণকরণ অবধি ২৪-পরগনায় স্বীয় স্থায়ি কর্ম্মে প্রত্যাগমন করিবেন।

২৪-পরগনার পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত সি, ই, ফেবর টনের সাহেব দিনাজপুরে প্রেরিত হইলেন।

১৮৭৬ সাল ১৯ সেপ্টেম্বর।—শ্রীযুত জি, ডবলিউ, এস, কক্স সাহেব অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্ম করিতে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ২০ সেপ্টেম্বর।—চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের অন্তর্গত সঙ্গু মহকুমার কার্য্যের ভারপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এ, রাট্রে সাহেব ঐ মহকুমার সীমার মধ্যে কার্য্য করণার্থে পোলীসের আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টের তুল্য ক্ষমতা প্রাপ্ত হইলেন।

শিক্ষা সংক্রান্ত বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ২৫ সেপ্টেম্বর।—শ্রীযুত জে, এফ, ষ্টিবেনস সাহেবের পরিবর্ত্তে উকীল শ্রীযুত বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায় মুরশিদাবাদ জিলার স্কুলকমিটীর সেক্রেটরীর পদে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত মহাশয়েরা মানভুম জিলার স্কুল কমিটীতে নিযুক্ত হইলেন।—

শ্রীযুত বাবু রাইচরণ ঘোষ। | শ্রীযুত বাবু পরেশনাথ ঘোষ।

MEDICAL.—*The 19th September* 1876.—Baboo Shibkristo Ghose, Zemindar, is appointed to be a member of the Committee for the management of the Charitable Dispensary at Kandee, in the district of Moorshedabad, *vice* Baboo Jussadanundun Paramanick, who has left the place.

The 21st September 1876.—The following gentlemen are appointed to be members of the Committee for the management of the Chunderkona Aided Dispensary in Midnapore, viz.—

Baboo Sri Hurry Chapri, Trader.
" Dinobundhoo Kur, ditto.
" Govardhun Sen, ditto.
" Gunganarain Chowdry, Lakrajdar.

Baboo Sreenath Sirkar, Aymadar, Sub-Inspector of thana Chunderkona, *ex-officio* member and Secretary.

The 23rd September 1876.—Moonshee Eusuff Hossein Khan is appointed to be a member of the Committee for the management of the Patna City Charitable Dispensary, *vice* Mir Shumshool Hooda Khan, resigned.

The 25th September 1876.—Assistant Surgeon Jognesvar Roy, doing duty at the Campbell Hospital, is appointed to be House Physician in the First Physician's Ward, Medical College, Calcutta.

Assistant Surgeon Kylas Chun der Bose is appointed to be Resident Assistant Surgeon of the Campbell Medical School.

FOREST.—*The 22nd September* 1876.—With the approval of His Excellency the Governor-General in Council, Mr. W. Johnstone, Assistant Conservator of Forests, 3rd grade, is promoted to the 2nd grade of Assistant Conservators with effect from the 27th August 1876.

MUNICIPAL.—*The 20th September* 1876.—Prince Mahommed Ruh eemuddin, of Tallygunge, is reappointed to be a Municipal Commissioner for the Suburbs of Calcutta.

The 26th September 1876.—The name of Baboo Ajoodhya Pershad is removed from the list of Municipal Commissioners for the town of Mozufferpore.

The following gentlemen are appointed, under section 6, Act IV (B.C.) of 1876, to be Municipal Commissioners of the Town of Calcutta :—

W. D. Bruce, Esq., C.E.
The Hon'ble Nawab Syud Ashgar Ali Diler Jung, C.S.I.
Dr. J. G. Pilcher.

ECONOMIC MUSEUM.—*The 21st September* 1876.—Mr. P. N. Langdon, Assistant Magistrate and Collector, Nowadah, is appointed to be a member of the Local Economic Museum Committee of Gya.

ROAD CESS.—*The 21st September* 1876.—The following gentlemen are appointed to be members of the District Road Cess Committee of Purneah :—

Mr. G. S. Hayes, Zemindar, *vice* Mr. G. W. Shillingford, resigned.
Baboo Mohesh Lall, Banker and Zemindar.
Hakeem Zainudeen Hosein, Zemindar.

The following Notifications are republished from the *Assam Gazette* :—

The 8th September 1876.—Privilege leave of absence for two months, under Section 21, Chapter VI of the Civil Leave Code, is granted to Mr. A. L. Clay, C.S., Deputy Commissioner, Sylhet, with effect from 1st September 1876, or such subsequent date as he may avail himself of the same.

The 14th September 1876.—Mr. W. B. Maxwell, who was appointed to be a District Superintendent of Police, Fifth Grade, in Notification No. 2026C.S., dated 22nd August 1876, of the Government of Bengal, is posted to Goalpara.

R. L. MANGLES,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 21st September 1876.—It is hereby notified for general information that, under the power vested in him by clause 2 of Section 3 of the Regulation for the peace and good government of the territory known as the Sonthal Pergunnahs, the Lieutenant-Governor of

চিকিৎসা সংক্রান্ত বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৯ সেপ্টেম্বর।—শ্রীযুত বাবু যশোদানন্দন পরামানিক মুরশিদাবাদ জিলার অন্তর্গত কাঁদি হইতে গমন করাতে তৎপরিবর্ত্তে জমীদার শ্রীযুত বাবু শিবকৃষ্ণ ঘোষ ঐ স্থানের দাতব্য ঔষধালয়ের কার্য্য সম্পাদনার্থ কমিটীতে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ২১ সেপ্টেম্বর।—নিম্নলিখিত মহাশয়েরা মেদিনীপুরের অন্তর্গত চন্দ্রকোণার সাহায্য-প্রাপ্ত ঔষধালয়ের কার্য্য সম্পাদনার্থ কমিটীতে নিযুক্ত হইলেন।

ব্যবসায়ি শ্রীযুত বাবু শ্রীহরি চাপড়ী।
,, ,, ,, দীনবন্ধু কর।
,, ,, ,, গোবর্দ্ধন সেন।
লাখেরাজদার শ্রীযুত বাবু গঙ্গানারায়ণ চৌধুরী।

চন্দ্রকোণা থানার সব-ইনস্পেক্টর আয়মাদার শ্রীযুত বাবু শ্রীনাথ সরকার স্বীয় পদোপলক্ষে মেম্বর ও সেক্রেটরী হইবেন।

১৮৭৬ সাল ২৩ সেপ্টেম্বর।—শ্রীযুত মীর সমশুল হুদা খাঁ পদত্যাগ করাতে তৎপরিবর্ত্তে শ্রীযুত মুনশী ইসফ হুশেন খাঁ পাটনা নগরের দাতব্য ঔষধালয়ের কার্য্য সম্পাদনার্থ কমিটীতে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ২৫ সেপ্টেম্বর।—কাম্বেল হাঁসপাতালে চিকিৎসা কার্য্যে নিযুক্ত আসিস্টাণ্ট সর্জ্জন শ্রীযুত যজ্ঞেশ্বর রায় কলিকাতার মেডিকাল কলেজের প্রথম ফিজিশ্যনের ওয়ার্ডে হৌস ফিজিশ্যনের পদে নিযুক্ত হইলেন।

আসিস্টাণ্ট সর্জন শ্রীযুত কৈলাশচন্দ্র বসু কাম্বেল মেডিকাল স্কুলের রেসিডেণ্ট আসিস্টাণ্ট সর্জনের পদে নিযুক্ত হইলেন।

বন সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ২২ সেপ্টেম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত মহিমবর শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমতিক্রমে তৃতীয় শ্রেণীর আসিস্টাণ্ট বনরক্ষক শ্রীযুত ডবলিউ, জনস্টন সাহেব ১৮৭৬ সালের আগস্ট মাসের ২৭ তারিখ অবধি আসিস্টাণ্ট বনরক্ষকদিগের দ্বিতীয় শ্রেণীতে উন্নীত হইলেন।

মুনিসিপল সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ২০ সেপ্টেম্বর।—টালীগঞ্জের শাহাজাদা মহম্মদ রহীমুদ্দীন কলিকাতার শাখানগরের মুনিসিপল কমিশ্যনরের পদে পুনর্ব্বার নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ২৬ সেপ্টেম্বর।—মজফরপুর নগরের মুনিসিপল কমিশ্যনরদের নাম নির্ঘণ্টহইতে শ্রীযুত অযোধ্যাপ্রসাদ বাবুর নাম উঠাইয়া দেওয়া গেল।

নিম্নলিখিত মহাশয়েরা ১৮৭৬ সালের বঙ্গীয় ৪ আইনের ৬ ধারামতে কলিকাতা নগরের মুনিসিপাল কমিশ্যনরের পদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত ডবলিউ, ডি, ব্রুস সাহেব সি, ই।
মান্যবর নবাব শ্রীযুত সৈয়দ অশগর আলি দিলার জঙ্গ সি, এস, আই।
ডাক্তার শ্রীযুত জে, জি, পিলচার সাহেব।

ইকনমিক মিউজিয়ম সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ২১ সেপ্টেম্বর।—নবদহের আসিস্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত পি, এন, লাঙ্গডন সাহেব গয়ার ইকনমিক মিউজিয়ম কমিটীতে নিযুক্ত হইলেন।

পথকর সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ২১ সেপ্টেম্বর।—নিম্নলিখিত মহাশয়েরা পুরনিয়া জিলার পথকর কমিটীতে নিযুক্ত হইলেন।

শ্রীযুত জি, ডবলিউ, শিলিংফোর্ড সাহেব পদত্যাগ করাতে তৎপরিবর্ত্তে জমীদার শ্রীযুত জি, এচ, হেস্ সাহেব।
জমীদার ও বণিক শ্রীযুত মহেশলাল বাবু।
জমীদার শ্রীযুত হাকীম জৈনুদ্দীন হুশেন।

নিম্নলিখিত বিজ্ঞাপন আসাম গেজেটহইতে উদ্ধৃত করা গেল।—

১৮৭৬ সাল ৮ সেপ্টেম্বর।—শ্রীহট্টের ডেপুটী কমিশ্যনর শ্রীযুত এ, এল, ক্লে সাহেব সি, এস, ১৮৭৬ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখ অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটীগ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে দুই মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ১৪ সেপ্টেম্বর।—বঙ্গদেশের গবর্ণমেণ্টের ১৮৭৬ সালের আগস্ট মাসের ২২ তারিখের ২০২৬C.S. নম্বর বিজ্ঞাপনমত পোলীসের পঞ্চম শ্রেণীর ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের পদে নিযুক্ত শ্রীযুত ডবলিউ, বি, মাকসওয়েল সাহেব গোয়ালপাড়ায় অবস্থিত হইলেন।

আর, এল, মাঙ্গেলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ২১ সেপ্টেম্বর।—এতদ্দ্বারা সাধারণের জ্ঞানার্থে এই সংবাদ দেওয়া গেল। সাঁওতাল পরগনা নামে খ্যাত প্রদেশের শান্তি ও সুশাসনের নিমিত্ত আইনের ৩ ধারার ২ প্রকরণমতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রতি যে ক্ষমতা অর্পিত হইয়াছে তদনুসারে তিনি এই

Bengal is pleased to direct that the provisions of Act VII of 1876, passed by the Lieutenant-Governor in Council, to provide for the registration of revenue-paying and revenue-free lands, and of the proprietors and managers thereof, shall have force and effect in the Sonthal Pergunnahs.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 25th September 1876.—It is hereby notified that, under Section 7 of Act XVI of 1875, the Lieutenant-Governor of Bengal has been pleased to prescribe the following rules for ascertaining and determining what spirit imported into British India shall be deemed to have been effectually and permanently rendered unfit for human consumption :—

1. Spirit imported into British India for use exclusively in arts, manufactures, or chemistry, which has been rendered effectually and permanently unfit for human consumption, is subject only to an *ad-valorem* duty of ten per cent. under Article 32, Schedule A of the Indian Tariff Act XVI of 1875.

2. Whenever such spirit is imported from the United Kingdom into any port of the Bengal Presidency, before it can be admitted at the reduced rate of duty as aforesaid, the importer must satisfy the Collector of Customs at that port that the spirit has been rendered effectually and permanently unfit for human consumption, by the production of a certificate from a competent Customs or Excise authority of the United Kingdom that the spirit has already been subjected, under proper supervision in the United Kingdom, to a process by which it has been rendered effectually and permanently unfit for human consumption.

3. If the importer cannot so satisfy the Collector of Customs, the latter shall cause such spirit to be examined, and, if necessary, rendered unfit for consumption in the manner hereinafter described as applicable to spirit imported from other countries than the United Kingdom.

4. Whenever such spirit as aforesaid is imported from other countries than the United Kingdom into any port of the Bengal Presidency, the Collector of Customs at that port shall send a sample of such spirit to the Chemical Examiner for examination and report, at the expense of the importer, and if the Chemical Examiner shall certify that the spirit has been rendered effectually and permanently unfit for human consumption, the Collector of Customs shall admit it at the reduced rate of duty.

5. Whenever imported spirit is required to be rendered effectually and permanently unfit for human consumption by officers of Customs Department, the ingredient to be used for admixture with the spirit shall be Caoutchoucine, and it shall be mixed with the spirit in the proportion of one and a half per cent.

6. Under the Board's sanction in each instance, Wood Naptha can be used instead of Caoutchoucine in special cases, where the latter ingredient would damage the spirit so as to make it unsuitable for the purpose intended.

7. The ingredient, however, before its admixture with the spirit, must be tested by the Chemical Examiner to Government, who must certify to the Collector of Customs that it is Caoutchoucine of the proper strength, fitted, if used in the proportions mentioned in Rule 5, to effectually and permanently render unpalatable and unfit for human consumption the spirit with which it is mixed.

8. Any expense which may be incurred by the Collector of Customs in rendering spirit unfit for human consumption, or in ascertaining that it has been so rendered, must be paid by the importer.

H. J. REYNOLDS,
Offg. Secy. to the Govt. of Bengal.

ROAD CESS NOTIFICATION.

DISTRICT OF 24-PERGUNNAHS.

The 25th September 1876.—It is notified, under Section 75 of Act X (B.C.) of 1871 (the District Road Cess Act), that the Road Cess Committee of the district of 24-Pergunnahs have,

আজ্ঞা করিলেন। রাজস্বদায়ি ও নিষ্কর ভূমির ও তদধিকারি ও কার্য্যাধ্যক্ষদিগের রেজিষ্টরী করণের বিধান করণার্থ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের প্রণীত ১৮৭৬ সালের ৭ আইনের বিধান সাঁওতাল পরগনায় প্রচলিত হইয়া প্রচল হইবে।

এচ, জে, রেনল্ডস,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ২৫ সেপ্টেম্বর।—এতৎক্রমে এই সম্বাদ দেওয়া গেল, ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে আমদনী করা যে শরাব সম্পূর্ণরূপে ও চিরকালের নিমিত্তে মনুষ্যদের পানের অনুপযুক্ত করা গিয়াছে বলিয়া জ্ঞান হইবে, ইহা নিশ্চয়মতে জানিবার ও নির্ণয় করিবার নিমিত্ত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ১৮৭৫ সালের ১৬ আইনের ৭ ধারামতে এই২ বিধি করিলেন,

১। কেবল বিদ্যাঘটিত কার্য্যের নিমিত্ত কিম্বা দ্রব্য নির্ম্মাণ কি কিমীয় বিদ্যা সম্পর্কে যে শরাব ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে আনা যায়, তাহা সম্পূর্ণরূপে ও চিরকালের নিমিত্তে মনুষ্যের পানের অনুপযুক্ত করা গেলে, ভারতবর্ষীয় তারিফ বিষয়ক ১৮৭৫ সালের ১৬ আইনের A তফসীলের ৩২ প্রকরণমতে তাহার উপর মূল্যানুসারে শতকরা ১০ দশ টাকা মাসুল লাগিবে।

